# এনডিপি বার্তা

জানুয়ারি-মার্চ, ২০২৪ । সংখ্যা ৩৯ । বর্ষ ১৬


## সূ চি প ত্র


- এনডিপি প্রতিষ্ঠার ৩৩ বছর ১
- বিশ্বব্যাংক ও পিকেএসএফ কর্তৃক এসইপি (তাঁত) প্রকল্পের কার্যক্রম পরিদর্শন
- আই.আর.এম (ব্রাজ) প্রকল্পের উদ্যোগে কুড়িগ্রামে আন্তর্জাতিক নারী দিবস
- ইআরসিসি প্রকল্পর 'নগদ অর্থ সহায়তা প্রদান' ২
- রেইজ প্রকল্পের আওতায় "মাস্টার ক্রাফটসপার্সন" ওরিয়েন্টেশন
- স্টার্ট নেটওয়ার্কের প্রতিনিধি কর্তৃক কার্যক্রম পরিদর্শন
- মা ও শিশু সহায়তা কর্মসূচির স্টাফ ওরিয়েন্টেশন ৩
- পিকেএসএফ এর উর্দ্ধতন কর্মকর্তা কর্তৃক আরএমটিপি প্রকল্পের কার্যক্রম পরিদর্শন
- জানুয়ারি-মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ সময়ের মধ্যে যেসব প্রকল্প শুরু হয়েছে
- জানুয়ারি-মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ সময়ের মধ্যে যেসব প্রকল্প শেষ হয়েছে ৪
- যুগ্ম সচিব কর্তৃক আইসিভিজিডি-২ প্রকল্প কার্যক্রম পরিদর্শন
- পূর্বাভাস ভিত্তিক আগাম সাড়াদান প্রকল্প-২০২৪ এর অবহিতকরণ সভা
- সিআরইএ প্রকল্পের দূর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভা ৫
- জেন্ডার এন্ড রাইটস্ কর্মসূচির কমিউনিটি লিডারশীপ ওয়ার্কশপ
- কৈশোর কর্মসূচির 'মিনি ম্যারাথন'
- এক নজরে ঋণ সহায়তা কর্মসূচির অগ্রগতি ৬
- এসআরএসপি প্রকল্পের অবহিতকরণ সভা
- আলোকিত গ্রাম কর্মসূচি'র 'শিক্ষা উপকরণ বিতরণ'
- ডিএইচআরএনএস প্রকল্পের এইচআরডি নেটওয়ার্কের ত্রৈমাসিক সমন্বয় সভা ৭
- ওয়াটার ক্রেডিট এডাপ্টেশন প্রকল্পের প্রশিক্ষক প্রশিক্ষণ
- নাটোরে প্রবীণ কর্মসূচীর শীতবস্ত্র বিতরণ
- প্রতিবন্ধী ও প্রবীণ ব্যক্তিদের জন্য চক্ষু ক্যাম্প ৮
- সিরাজগঞ্জে জাতীয় দূর্যোগ প্রস্তুতি দিবস উদযাপন
- বিডি বীফ ও গোট ভ্যালু চেইন প্রোগ্রাম কর্তৃক সচেতনতামূলক নাটিকা মঞ্চায়ন
- কুড়িগ্রামে শীতার্তদের মাঝে কম্বল বিতরণ ৯
- ভিডব্লিউবি কর্মসূচির প্রশিক্ষকদের প্রশিক্ষণ (টিওটি)
- মৌসুমী বন্যায় আগাম সাড়াদান প্রকল্প-২০২৪ এর ভ্যাকসিন ক্যাম্প ও কৃমিনাশক বিতরণ
- সমন্বিত কৃষি ইউনিটের বাউ চিকেন প্রদর্শণী ১০
- যথাযোগ্য মর্যাদায় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপন
- আশা প্রকল্পের 'কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ পুনর্গঠন বিষয়ক সভা'
- 'সমন্বিত কৃষি ইউনিট' এর দুই দিনব্যাপী কৃষক প্রশিক্ষণ ১১
- ইআরসিসিপি প্রকল্পের আওতায় অর্থ সহায়তা প্রদান ১২


## সম্পাদনা পরিষদ


**সম্পাদক ঃ**
মোঃ আলাউদ্দিন খান
নির্বাহী পরিচালক

**প্রণয়নে ঃ**
মোঃ আতিকুর রহমান
ব্যবস্থাপক (রিসার্চ এন্ড ডকুমেন্টেশন)
মোঃ জানাফার ইসলাম
সহকারী ব্যবস্থাপক (রিসার্চ এন্ড ডকুমেন্টেশন)

**প্রকাশনায় ঃ**
রিসার্চ এন্ড ডকুমেন্টেশন বিভাগ
ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)


## এনডিপি প্রতিষ্ঠার ৩৩ বছর




এনডিপি'র সম্মানিত চেয়ারপারসন, নির্বাহী পরিচালক ও নির্বাহী পরিষদ এর অন্যান্য সদস্যবৃন্দ

জাতীয় পর্যায়ের উন্নয়ন সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) আনন্দ মুখর পরিবেশে প্রতিষ্ঠার ৩৩তম বছরে পদার্পনের অনুষ্ঠান উদযাপিত হয়। সিরাজগঞ্জ জেলায় প্রতিষ্ঠিত বেসরকারী উন্নয়ন সংস্থাটি ১৯৯২ সালের ১লা জানুয়ারি আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করে। শুরুতে প্রতিষ্ঠানটির আওতা পরিধি অত্যন্ত সীমিত থাকলেও; প্রতিষ্ঠানটির প্রতিষ্ঠাতার দৃষ্টি ছিলো বহুদুরে। তাইতো আজ ৩২ বছরে এনডিপি বাংলাদেশের ২১টি জেলায় প্রকল্প/কর্মসূচি বাস্তবায়ন করে যাচ্ছে। এনডিপি শুরু থেকেই যেমন সরকারী-বেসরকারী উন্নয়ন সংস্থার সম্মিলিত প্রচেষ্ঠায় কাজ করেছে, ঠিক তেমনি দেশীয় ও আন্তর্জাতিক সহযোগী সংস্থার সাথে একযোগে মহুমাত্রিক প্রকল্প/কর্মসূচি বাস্তবায়ন করছে। একদিকে উন্নয়ন করেছে দেশের পিছিয়ে পরা জনগোষ্ঠির আবার তৈরি করেছে শিক্ষিত যুব সমাজের কর্মসংস্থানের। এনডিপি'র স্মৃতি চারণে এসব কথাই উল্লেখ করেন এনডিপি'র বর্তমান সিনিয়র কর্মকর্তাবৃন্দ। এনডিপি'র প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক জনাব মো. আলাউদ্দিন খান এর বলিষ্ঠ নেতৃত্বের কারণের এনডিপি আজ এ পর্যায়ে দাড়িয়ে আছে বলে সকলে মতামত ব্যক্ত করেন।

সংস্থার উপ-পরিচালক (মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন) কাজী মাসুদুজ্জামান এর পরিচালনায় আলোচনা করেন ব্যবস্থাপক (মানব সম্পদ ও প্রশাসন) নয়নী তালুকদার, পরিচালক (ঋণ সহায়তা কর্মসূচি) মোসলেম উদ্দিন আহমেদ, পরিচালক (অর্থ ও হিসাব) মিলন কুমার রায়, পরিচালক (কর্মসূচি) মোহা. শাহ্ আজাদ ইকবাল, পরিচালক (প্ল্যানিং এন্ড রিসোর্স মবিলাইজেশন) ড. এবিএম সাজ্জাদ হোসেন, উপ-পরিচালক (কর্মসূচি) আবু নাইম মো. জুবায়ের খান, সহকারী পরিচালক (ঋণ সহায়তা কর্মসূচি) মো. সাইফুল ইসলাম, সহকারী পরিচালক (ঋণ সহায়তা কর্মসূচি) কে এম শহিদুল ইসলাম ও ব্যবস্থাপক (অর্থ ও হিসাব) আরজু মুন। এছাড়াও এনডিপি'র নির্বাহী পরিষদ এর সম্মানিত ভাইস চেয়ারম্যান মো. আছির উদ্দিন এনডিপি'র প্রতিষ্ঠাকাল নিয়ে গুরুত্বপূর্ণ আলোচনা করেন। আলোচনা পরিবর্তীতে বক্তব্য প্রদান করেন এনডিপি'র প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক জনাব মো. আলাউদ্দিন খান। এসময় তিনি এনডিপি'র কর্মকর্তা, সাধারণ পরিষদ, নির্বাহী পরিষদ এর সকল সদস্যসহ প্রাক্তন সকল কর্মকর্তাদের উল্লেখ পূর্বক ধন্যবাদ জ্ঞাপন করেন। একইসাথে আজকের এনডিপি সকলের সম্মিলিত প্রচেষ্ঠায় এগিয়ে যাচ্ছে বলে তিনি জানান। পরিশেষে এনডিপি'র নির্বাহী পরিষদের সম্মানিত চেয়ারপারসন আলেয়া আকতার বানু সকলকে ধন্যবাদ জানিয়ে কেক কর্তনের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

## বিশ্বব্যাংক ও পিকেএসএফ কর্তৃক এসইপি (তাঁত) প্রকল্পের কার্যক্রম পরিদর্শন




বক্তব্য দিচ্ছেন বিশ্বব্যাংক এর সিনিয়র এনভায়রনমেন্ট স্পেশালিস্ট Eun Joo Allison Yi

বেসরকারী উন্নয়ন সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) কর্তৃক বাস্তবায়িত সাস্টেনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি-তাঁত) প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করেছেন বিশ্বব্যাংক ও পিকেএসএফ প্রতিনিধি দল। ০৫ জানুয়ারি ২০২৪, প্রকল্পের কর্ম-এলাকা সিরাজগঞ্জ জেলার বেলকুচি উপজেলার তামাই গ্রামে স্থাপিত হাজী আনোয়ার হোসেন মোল্লার ডাইং ইউনিটে স্থাপিত মিনি ইটিপি, জাকারিয়া হোসেনের আদর্শ তাঁত ঘর, বেলকুচি বসুন্ধরা এলাকার ডাইং উদ্যোক্তা আশিষ কুমার চৌধুরীরর ইটিপি, আদর্শ তাঁত উদ্যোক্তা শরিফুল ইসলামের ডাইং ইউনিটে স্থাপিত পিট ও কালখানার অভ্যন্তরীন কর্ম-পরিবেশ পর্যবেক্ষণ করেন। প্রতিনিধি দলে উপস্থিত ছিলেন বিশ্বব্যাংক এর সিনিয়র এনভায়রনমেন্ট স্পেশালিস্ট Eun Joo Allison Yi, এনভায়রনমেন্ট স্পেশালিস্ট Nina Tsydenova ও এসটিটি-নাঈমা নাজমুল খান এবং পিকেএসএফ প্রতিনিধি দলে উপস্থিত ছিলেন মহা-ব্যবস্থাপক গোকুল চন্দ্র বিশ্বাস, সহকারী প্রকল্প সমন্বয়কারী রওশন হাবিবসহ এসইপি প্রকল্পের সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ। এসময় এনডিপি'র পক্ষে উপস্থিত ছিলেন পরিচালক (প্ল্যানিং এন্ড রিসোর্স মোবিলাইজেশন) ড. এবিএম সাজ্জাদ হোসেন, পরিচালক (ঋণ সহায়তা কর্মসূচি) ও প্রকল্প ফোকাল পারসন মোসলেম উদ্দিন আহমেদ ও এসইপি (তাঁত) প্রকল্পের ব্যবস্থাপক মো. আশরাফুজ্জামানসহ প্রকল্পের কর্মকর্তাবৃন্দ।
পরিদর্শন পরবর্তীতে এনডিপি'র প্রধান কার্যালয়ে প্রতিনিধি দলকে ফুলেল শুভেচ্ছা জানান এনডিপি'র পরিচালক (কর্মসূচি) মোহা. শাহ্ আজাদ ইকবাল, পরিচালক (অর্থ ও হিসাব) মিলন কুমার রায়সহ এনডিপি'র উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ। একইসাথে প্রধান কার্যালয়ে আয়োজিত এসইপি (তাঁত) ও এসইপি (ডেইরী) প্রকল্পের আওতাভূক্ত উদ্যোক্তাদের তৈরিকৃত পন্য মেলা পরিদর্শন করেন। অতপর এনডিপি'র সকল কার্যক্রমসহ প্রকল্প সম্পর্কিত পাওয়ার পয়েন্ট প্রেজেন্টশন প্রদান করেন এনডিপি'র পরিচালক (প্ল্যানিং এন্ড রিসোর্স মোবিলাইজেশন) ড. এবিএম সাজ্জাদ হোসেন। এসময় প্রতিনিধি দল প্রকল্পের আওতাধীন উদ্যোক্তাদের সাথে খোলামেলা আলোচনা করেন।
উল্লেখ্য বিশ্বব্যাংক ও পিকেএসএফ আর্থিক ও কারিগরি সহায়তায় এনডিপি এসইপি (তাঁত) প্রকল্পটি ২০২০ সাল থেকে ২০২৪ এর ৩১ জানুয়ারি পর্যন্ত সিরাজগঞ্জ জেলার সিরাজগঞ্জ সদর, কামারখন্দ ও বেলকুচি উপজেলায় বাস্তবায়ন করে। প্রকল্পটির মূল লক্ষ্য ছিল সিরাজগঞ্জের তাঁত ক্লাস্টারের পরিবেশ দূষণ কমিয়ে ব্যবসায়িক টেকসহিতা নিশ্চিত করা।

## আই.আর.এম (ব্রাজ) প্রকল্পের উদ্যোগে কুড়িগ্রামে আন্তর্জাতিক নারী দিবস

''নারীর সমঅধিকার, সমসুযোগ এগিয়ে নিতে হোক বিনিয়োগ" প্রতিপাদ্য বিষয় নিয়ে এনডিপি কর্তৃক বাস্তবায়িত ইন্টিগ্রেটেড রিস্ক ম্যানেজমেন্ট (আই.আর.এম-যা পূর্বের ব্রাজ প্রকল্প নামে পরিচিত) প্রকল্পের উদ্যোগে কুড়িগ্রামে আন্তর্জাতিক নারী দিবস পালন করা হয়। দিবসটি উপলক্ষ্যে ৮ই মার্চ জেলার চিলমারী উপজেলা পরিষদ প্রাঙ্গণে র‍্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় সংসদ সদস্য (কুড়িগ্রাম-৪) জনাব মোঃ বিপ্লব হাসান পলাশ।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান মোঃ নুরুজ্জামান আজাদ ও মহিলা ভাইস চেয়ারম্যান মোছাঃ আসমা চৌধুরী। এছাড়াও অনুষ্ঠানে বিশ্ব খাদ্য কর্মসূচী'র হেড অব ফিল্ড অফিস (রংপুর) বিথিকা বিশ্বাস, সাংবাদিক, সুশীল সমাজের প্রতিনিধি, বিভিন্ন রাজনৈতিক ব্যক্তিত্ব, সরকারী ও বেসরকারী কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন চিলমারী উপজেলা নির্বাহী অফিসার মোঃ মিনহাজুল ইসলাম। আলোচনা পরবর্তীতে আই.আর.এম (পূর্বের ব্রাজ) প্রকল্পের উদ্যমী ৯ জন উপকারভোগী নারীদের মাঝে আইজিএ'র মূলধন বৃদ্ধির জন্য নগদ ১৫০০ টাকা ও একটি ক্রেস্ট পুরস্কার হিসেবে প্রদান করা হয়।




র‍্যালীতে উপস্থিত আছেন মাননীয় সংসদ সদস্য (কুড়িগ্রাম-৪) জনাব মোঃ বিপ্লব হাসান পলাশ

## ইআরসিসি প্রকল্পর 'নগদ অর্থ সহায়তা প্রদান'




অর্থ সহায়তা তুলে দিচ্ছেন সিরাজগঞ্জ পৌরসভার সম্মানিত মেয়র সৈয়দ আব্দুর রউফ মুক্তা

ক্লাইমেট ব্রিজ ফান্ড (সিবিএফ) এর অর্থায়নে ব্র্যাক ও কেএফডাব্লউ এর সহযোগিতায় বাস্তবায়িত ইনহেন্স রেজিলিয়েন্স টুওয়ার্ডস কোভিড এন্ড কন্সিকুয়েন্স (ইআরসিসি) প্রকল্পর আওতায় সিরাজগঞ্জ পৌরসভার ৬টি ওয়ার্ডের ১৭টি স্লামে ৮৩৭ জন ক্ষতিগ্রস্থ উপকারভোগীকে ৬৩০০ টাকা করে নগদ অর্থ সহায়তা প্রদান করা হয়েছে। ১৫ ফেব্রুয়ারি ২০২৪ সিরাজগঞ্জ শহরস্থ শহীদ এম মনসুর আলী অডিটরিয়ামে বিতরন কার্যক্রম সম্পন্ন করা হয়।
অনুষ্ঠানে এনডিপি'র পরিচালক (কর্মসূচি) মোহা. শাহ্ আজাদ ইকবাল এর সভাপতিত্বে প্রধান আতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ পৌরসভার সম্মানিত মেয়র সৈয়দ আব্দুর রউফ মুক্তা। প্রকল্পে অংশগ্রহণকারীবৃন্দ প্রাপ্ত অর্থ তাদের নিজ নিজ আয়বৃদ্ধি মূলক কাজে বিনিয়োগ করবে। তাই অর্থ সহায়তা প্রদানের পূর্বে তাদের প্রত্যেককে নিজ নিজ পছন্দ অনুয়ায়ী ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়। অংশগ্রহণকারীদের ৮৩৭ জনের মধ্যে ৩১৬ জন উপকারভোগীকে নগদ অর্থ, ২৮৫ জনকে বিকাশ ওয়ালেট এর মাধ্যমে এবং ২৩৬ উপকারভোগীকে নগদ এ্যাকাউন্ট এর মাধ্যমে সর্বমোট ৫২,৭৩,১০০ টাকা অর্থ সহায়তা প্রদান করা হয়। একইসাথে মোট চার ধাপে ইআরসিসি প্রকল্পের মাধ্যমে বিভিন্ন আয়বর্ধনমূলক কাজের জন্য ৪২০৫ জন উপকারভোগিকে মোট ২,৩২,৯৯,০০০ (দুই কোটি বত্রিশ লক্ষ্য নিরানব্বই হাজার) টাকা বিতরণ করা হয়। অনুষ্ঠান পরিচালনা করেন মো: শাহআলম (সমাজ উন্নয়ন কর্মকর্তা), সিরাজগঞ্জ পৌরসভার।
উল্লেখ্য প্রকল্পটি সিরাজগঞ্জ শহরের ৬ টি ওয়ার্ডে ৪২০৫ জন উপকারভোগীকে আয়বৃদ্ধি মূলক কর্মকান্ডে অর্থনৈতিক সহায়তার পাশপাশি ওয়াশ ও বিভিন্ন স্বাস্থ্য সেবা নিয়ে কাজ করছে।

এনডিপি বার্তা
জানুয়ারি-মার্চ, ২০২৪ । সংখ্যা ৩৯ । বর্ষ ১৬

## রেইজ প্রকল্পের আওতায় "মাস্টার ক্রাফটসপার্সন" ওরিয়েন্টেশন

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর আর্থিক ও কারিগরি সহায়তায় বাস্তবায়িত রেইজ প্রকল্পের আওতায় ০২ দিনব্যাপি ওরিয়েন্টেশন প্রোগ্রামের আয়োজন করা হয়। কর্মসূচির শিক্ষানবিশি কর্মসূচির আওতায় নিম্ন আয়ের পরিবারভুক্ত বেকার তরুণদের টেকসই কর্মে সম্পৃক্তের লক্ষ্যে মানব সক্ষমতা বিকাশের কারিগর "মাস্টার ক্রাফটসপার্সন"-দের ওরিয়েন্টেশন প্রদান করা হয়। ৩ ও ৪ জানুয়ারি,২০২৩ আয়োজিত ওরিয়েন্টশন প্রোগ্রামে সিরাজগঞ্জ সদর, কামারখন্দ, শাহজাদপুর, উল্লাপাড়া ও রায়গঞ্জ উপজেলার ১০টি ট্রেডে বিভিন্ন কারিগরি প্রতিষ্ঠানের ২২ জন মাস্টার ক্রাফটসপার্সন অংশগ্রহণ করেন।



প্রকল্পের সাইনবোর্ড তুলে দিচ্ছেন পরিচালক (ঋণ সহায়তা কর্মসূচি) মোসলেম উদ্দিন আহমেদ

অনুষ্ঠানের শুভ উদ্বোধন করেন এনডিপি'র ঋণ সহায়তা কর্মসূচির পরিচালক মোসলেম উদ্দিন আহমেদ। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ যুব উন্নয়ন অধিদপ্তর এর সিনিয়র ইন্সট্রাক্টর এসএম কামরুজ্জামান। এসময় অংশগ্রহণকারীদের মাঝে প্রশিক্ষণ ব্যাগ, ফাস্ট এইড বক্স এবং প্রকল্পের সাইনবোর্ড বিতরণ করা হয়। অনুষ্ঠানে রেইজ প্রকল্প সমন্বয়কারী কৃষ্ণ দাস সাহাসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে অতিথিগণ বলেন, "দেশে তরুণ শ্রমশক্তি বাড়লেও তাদেরকে যথাযথোভাবে কাজে লাগানো যাচ্ছে না। পর্যাপ্ত কারিগরি দক্ষতায় ঘাটতি, শ্রমবাজারের চাহিদা ও সরবরাহের মধ্যে বড় ধরনের অসামঞ্জস্যতা এবং বিপুলসংখ্যক শিক্ষিত তরুণ-তরুণী প্রতি বছর শ্রমবাজারে যুক্ত হলেও সে অনুপাতে সরকারি-বে-সরকারি খাতে কর্মসংস্থানের পর্যাপ্ত সুযোগ সৃষ্টি না হওয়া দেশের উন্নয়ন অগ্রযাত্রার প্রধান অন্তরায়। দেশের তরুণদের অধিকাংশই অদক্ষ ও স্বল্প দক্ষ, যার ফলে তারা কাঙ্খিত মজুরি এবং শোভন কাজ হতে বঞ্চিত। তাদের জীবন দক্ষতা এবং মনো-সামাজিক কাউন্সিলিং খুবই গুরুত্বপূর্ণ"। তরুণদেরকে নিম্ন-কারিগরি প্রযুক্তি ও স্বল্প-মজুরি চক্র হতে বের করে আনা এবং সংশ্লিষ্ট খাতে কর্মসংস্থানের প্রয়াসে রেইজ প্রকল্প কাজ করছে। গুরু-শিস্য মডেলে মানব সক্ষমতা বিকাশের অন্যতম কারিগর মাস্টার ক্রাফটসপার্সনদের এ শিক্ষাণবিশি কর্ম পরিচালনায় ওরিন্টেশনের প্রেক্ষিতে তরুণদের আধুনিক প্রযুক্তি জ্ঞান ও কারিগরি দক্ষতার উন্নয়নের ফলে দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি ও মানব সম্পদ উন্নয়নে ভুমিকা রাখবে বলে আশাবাদ ব্যক্ত করেন। ২০২৩-২৪ অর্থবছরে এ কার্যক্রমের আওতায় ১ম ধাপে ৩৮জন মাস্টার কারিগরের অধীনে ১০০জন নিম্ন-আয়ের পরিবারভুক্ত তরুণদের থাই-এ্যালুমিনিয়াম ফিটিংস, ওয়েল্ডিং, স্টিল ফেব্রিকেশন, কার্পেন্ট্রি, ইলেকট্রিক্যাল, এসি-ফ্রিজ মেরামত, মোটরসাইকেল সার্ভিসিং, টেইলারিং, বিউটিফিকেশন, ডিজিটাল মার্কেটিং ও গ্রাফিক্স ডিজাইন বিষয়ে ৬ মাস মেয়াদি হাতে-কলমে প্রশিক্ষণ দেয়া হচ্ছে এবং প্রশিক্ষণ শেষে ভাতা প্রদান ও উপযুক্তদের অন্তর্ভুক্তিমূলক অর্থায়নের মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা হবে।

## স্টার্ট নেটওয়ার্কের প্রতিনিধি কর্তৃক কার্যক্রম পরিদর্শন



পরিদর্শনকালের উপকারভোগীর সাথে মতবিনিময় করছেন স্টার্ট নেটওয়ার্ক এর প্রতিনিধি দল

মৌসুমী বন্যায় আগাম সাড়াদান প্রকল্প-২০২৪ এর মাঠ পর্যায়ের কার্যক্রম পরিদর্শন করেন স্টার্ট নেটওয়ার্ক এর প্রতিনিধি দল। স্টার্ট রেডি ও স্টার্ট নেটওয়ার্কের সহযোগিতায় এনডিপি'র সার্বিক তত্ত্বাবধানে প্রকল্পটি সিরাজগঞ্জ জেলার ২টি উপজেলার ০৪টি ইউনিয়নে বাস্তবায়িত হচ্ছে। ২২ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে, বাস্তবায়িত কার্যক্রম সমূহ পরিদর্শন করেন স্টার্ট নেটওয়ার্কের হেড অফ ক্রাইসিস এন্টিসিপেশন এন্ড রিস্ক ফাইন্যান্স অফিসার আন্না ফারিনা এবং স্টার্ট বাংলাদেশ এর প্রজেক্ট কো-অর্ডিনেটর সফিউল আলম। এসময় প্রতিনিধি দলটি সিরাজগঞ্জ সদর উপজেলার কাওয়াকোলা ইউনিয়নে প্রকল্পের আওতায় বাস্তবায়িত কমিউনিটি পর্যায়ে টিউবওয়েল ও ল্যাট্রিন উঁচুকরণ এবং মেরামতের কাজ পরিদর্শন করেন। একই সাথে কমিউনিটিতে বসবাতরত সাধারণ মানুষের সাথে সচেতনতামূলক উঠান বৈঠক, গবাদি প্রাণি ভ্যাক্সিনেশনসহ প্রকল্পের কার্যক্রম সম্পর্কে আলোচনা করেন। এরপূর্বে কাওয়াকোলা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মোঃ জিয়াউর রহমান মুন্সি এর সাথে প্রকল্পের সার্বিক বিষয় নিয়ে আলোচনা করেন। পরিদর্শনকালে এনডিপি'র পক্ষে উপস্থিত ছিলেন এনডিপি'র উপ-পরিচালক (মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন) ও প্রকল্প ফোকাল পারসন কাজী মাসুদুজ্জামানসহ প্রকল্পের অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

## মা ও শিশু সহায়তা কর্মসূচির স্টাফ ওরিয়েন্টেশন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহিলা বিষয়ক অধিপ্তর এর আওতায় বাস্তবায়িত মা ও শিশু সহায়তা কর্মসূচির কর্মকর্তাদের ওরিয়েন্টেশন অনুষ্ঠান সম্পন্ন হয়েছে। ০৭ মার্চ ২০২৪ তারিখে এনডিপি'র প্রধান কার্যালয়ে এ আয়োজন করা হয়। দিনব্যাপি অনুষ্ঠানে মূখ্য আলোচক হিসেবে বক্তব্য প্রদান করেন এনডিপি'র পরিচালক (পিআরএম) ও কর্মসূচি ফোকাল পারসন ড. এবিএম সাজ্জাদ হোসেন। এসময় তিনি কর্মসূচির নিয়মিত কাজের পাশাপাশি বাস্তবায়িত কার্যক্রমের গুণগতমান উন্নয়নে সকলকে মনোনিবেশ করার আহবান জানান। একইসাথে উন্নয়ন সহযোগী সংস্থা জাতি সংঘ বিশ্ব খাদ্য কর্মসূচির চাহিদা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করার জন্য কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করেন।




বক্তব্য দিচ্ছেন এনডিপি'র পরিচালক (পিআরএম) ও কর্মসূচি ফোকাল পারসন ড. এবিএম সাজ্জাদ হোসেন

অনুষ্ঠানের ২য় অধিবেশনে অনলাইনে যুক্ত ছিলেন জাতি সংঘ বিশ্ব খাদ্য কর্মসূচির প্রোগ্রাম পলিসি অফিসার মামুনুর রশীদ। এছাড়াও কর্মকর্তাদের দায়িত্ব-কর্তব্য নিয়ে আলোচনা করেন মা ও শিশু সহায়তা কর্মসূচির ব্যবস্থাপক তনুশ্রী মানজি। এসময় এনডিপি'র রিসার্চ এন্ড ডকুমেন্টেশন বিভাগের ব্যবস্থাপক মো. আতিকুর রহমান, মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন বিভাগের ব্যবস্থাপক মো. লাবু মিয়া, প্রশিক্ষণ বিভাগের উপ-ব্যবস্থাপক ও সেফগার্ডিং ফোকাল সোমা দাস ও অডিট বিভাগের উপ-ব্যবস্থাপক মো. ইকবাল হোসেন উপস্থিত ছিলেন। উল্লেখ্য জাতিসংঘ বিশ্ব খাদ্য কর্মসূচির (ডব্লিউএফপি) কারিগরি সহযোগিতায় বাংলাদেশ সরকারের মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক মা ও শিশু সহায়তা কর্মসূচি বাস্তবায়ন করছে। দেশের ৮টি বিভাগে বাস্তবায়ন সহযোগী সংস্থা হিসেবে কাজ করছে দেশের অন্যতম বেসরকারী উন্নয়ন সহযোগী সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)।

## পিকেএসএফ এর উর্দ্ধতন কর্মকর্তা কর্তৃক আরএমটিপি প্রকল্পের কার্যক্রম পরিদর্শন

রুরাল মাইক্রো এন্টারপ্রাইজ ট্রান্সফরমেশন প্রকল্প (আরএমটিপি)'র উপ-প্রকল্প -''নিরাপদ মাংস ও দুগ্ধজাত পন্যের বাজার উন্নয়ন'' এর কার্যক্রম পরিদর্শন করেছেন পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর উর্দ্ধতন প্রতিনিধি দল। ৮ মার্চ ২০২৪ তারিখে এনডিপি কর্তৃক বাস্তবায়িত প্রকল্পের বিভিন্ন কার্যক্রম পরিদর্শন করেন প্রতিনিধি দলটি। এসময় পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সিনিয়র মহাব্যবস্থাপক (কার্যক্রম) ড. আকন্দ মোঃ রফিকুল ইসলাম নেতৃত্বে উপস্থিত ছিলেন ভ্যালু চেইন প্রজেক্ট ম্যানেজার ডাঃ এরফান আলী ও নিউট্রিশন স্পেশালিষ্ট কপিল কুমার পাল।




সলপ ঘোল পরিদর্শন করেন পিকেএসএফ এর সিনিয়র মহাব্যবস্থাপক (কার্যক্রম) ড. আকন্দ মোঃ রফিকুল ইসলাম

পরিদর্শনের শুরুতে এনডিপি প্রধান কার্যালয়ে প্রধান অতিথিকে ফুলেল শুভেচ্ছা জানান এনডিপি'র সহকারী পরিচালক (ঋণ সহায়তা কর্মসূচি) কে. এম শহীদুল ইসলামসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ। অতপর সংস্থার প্রধান কার্যালয়ে আয়োজিত প্রকল্পের উদ্যোক্তাদের উৎপাদিত দুগ্ধজাত পণ্যের স্টল পরিদর্শন করেন এবং তাদের সাথে পণ্যের গুণগত মান ও বাজার সম্পর্কে অবগত হন। আরএমটিপি প্রকল্পের সহায়তায় সিরাজগঞ্জ শহরে প্বার্শবর্তী এলাকা শিলন্দায় মাংস প্রক্রিয়াকারী প্লান্ট "মামা ভাগ্নে এগ্রো", শিয়ালকোল ইউনিয়নের হামকুড়িয়া গ্রামে বাস্তবায়িত "স্মার্ট এগ্রো পার্ক", সয়দাবাদ ইউনিয়র ভ্যাকসিন হাব ও টেলিমেডিসিন সেন্টার, সিরাজগঞ্জের উল্লাপাড়া উপজেলার সলপ ষ্টেশনে দুগ্ধজাত পণ্য ঘোল-মাঠা উৎপাদনকারী প্রতিষ্ঠান সাদেক খান ঘি এন্ড দই ঘর পরিদর্শন করেন এবং সিরাজগঞ্জের বিসিক শিল্প নগরে নব নির্মিত ঐতিহ্যবাহী তমিজ উদ্দিন সুইটস এর কারখানা উদ্বোধন করেন। এসময় প্রত্যেক প্রতিষ্ঠানের স্বত্বাধিকারের সাথে প্রতিনিধি দলটি মতবিনিময় করেন। পরিদর্শন পরবর্তীতে ড. আকন্দ মোঃ রফিকুল ইসলাম বলেন, নিরাপদ মাংস ও দুগ্ধজাত পণের বাজার উন্নয়নে নির্বাচিত উদ্যোক্তাদের পণ্যের যে বৈচিত্রতা আনায়ন, বাজার সম্প্রসারণ, সনদায়ন ইত্যাদি সর্বোপরি উদ্যোক্তাদের উৎপাদিত পণ্যে বিক্রয় বৃদ্ধি ও লাভ বৃদ্ধিতে এনডিপি এই আরএমটিপি প্রকল্প গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। তিনি গবাদি প্রাণি উন্নয়নে এলএসপিগণ যে অগ্রগামী ভূমিকা পালন করে যাচ্ছেন- টেলিমেডিসিন সেন্টার, ভ্যাকসিন হাব. ভ্যাকসিন ক্লিনিক ও বিভিন্ন এ্যাপস ব্যবহার করে সেবা গ্রহণ, এজন্য তিনি এলএসপিদের প্রতি আন্তরিকভাবে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি এনডিপি আরএমটিপি প্রকল্পের পক্ষ থেকে তাদের দক্ষতা বৃদ্ধি ও ব্যবসা উন্নয়নে অপরিশীম অবদান রাখায় এনডিপি'র প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

দিনব্যাপি পরিদর্শন কার্যক্রম পরিচালনায় সার্বিক সহযোগিতা করেন সহকারি পরিচালক (ঋণ সহায়তা কর্মসূচি) কে.এম শহীদুল ইসলাম, ব্যবস্থাপক (আরএন্ডডি) মো. আতিকুর রহমান ও সহকারী ব্যবস্থাপক (আরএন্ডডি) মো. জানাফার ইসলাম এবং সার্বিক সমন্বয়ে ছিলেন আরএমটিপি প্রকল্প ব্যবস্থাপক কৃষিবিদ মোঃ মাসুদ মন্ডল ও প্রকল্পের অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

## জানুয়ারি-মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ সময়ের মধ্যে যেসব প্রকল্প শুরু হয়েছে তার সংক্ষিপ্ত বিবরণ

| ক্রঃ নং | প্রকল্পের নাম | দাতা সংস্থার নাম | কর্ম এলাকা | সময়কাল | উদ্দেশ্য |
|---|---|---|---|---|---|
| ১. | Shock Responsive Social Protection (SRSP) | বিশ্ব খাদ্য কর্মসূচি (ডব্লিউএফপি) | সিরাজগঞ্জ জেলার শাহ্জাদপুর উপজেলার ৪টি ইউনিয়ন | ১ জানুয়ারি ২০২৪ থেকে ৩১ ডিসেম্বর ২০২৪ | এই প্রকল্পের উদ্দেশ্য হলো বাংলাদেশের উত্তর-পশ্চিম জেলাগুলির নদীর তীরে বসবাসকারী জনগোষ্ঠীর দীর্ঘস্থায়ী বন্যায় ক্ষতিগ্রস্ত পরিবারের খাদ্য নিরাপত্তার উন্নতি করা। |
| ২. | Anticipatory Action to vulnerable households in flood-prone areas of Jamuna River basin, Bangladesh | বিশ্ব খাদ্য কর্মসূচি (ডব্লিউএফপি) | সিরাজগঞ্জ জেলার ৬টি (সিরাজগঞ্জ সদর, রায়গঞ্জ, কাজিপুর, বেলকুচি, শাহ্জাদপুর ও চৌহালী) উপজেলার ৪৮টি ইউনিয়ন | ১৫ ফেব্রুয়ারি ২০২৪ থেকে ৩১ ডিসেম্বর ২০২৪ | প্রকল্পের উদ্দেশ্য হলো বন্যা কবলিত সিরাজগঞ্জ জেলার মানুষের নিকট কার্যকরী, সময় উপযোগী এবং মর্যাদাপূর্ণ মানবিক সহায়তা প্রদান করে সহনশীলতা বৃদ্ধি করা। |
| ৩. | Extended Community Climate Change Project-Draught-ECCCP-Draught | পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) | নঁওগা জেলার সদর উপজেলার ৮টি ইউনিয়ন | ১৩ মার্চ ২০২৪ থেকে ০২ অক্টোবর ২০২৭ | প্রকল্পের উদ্দেশ্য হলো খরা প্রবণ নওগাঁ জেলায় জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাবের কারণে দরিদ্র, প্রান্তিক ও জলবায়ু ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর সহনশীলতা বৃদ্ধি করা। |

## জানুয়ারি-মার্চ ২০২৪ খ্রিষ্টাব্দ সময়ের মধ্যে যেসব প্রকল্প শেষ হয়েছে তার সংক্ষিপ্ত বিবরণ

| ক্রঃ নং | প্রকল্পের নাম | দাতা সংস্থার নাম | কর্ম এলাকা | সময়কাল | উদ্দেশ্য |
|---|---|---|---|---|---|
| ১. | সাসটেনেইবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি)-তাঁত | বিশ্ব ব্যাংক, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) | সিরাজগঞ্জ জেলার ৩টি (সিরাজগঞ্জ সদর, কামারখন্দ ও বেলকুচি) উপজেলার ৯টি ইউনিয়ন | ২৬ মে ২০১৯ থেকে ৩১ জানুয়ারি ২০২৪ | প্রকল্প এলাকায় তাঁত উদ্যোগসমূহে পরিবেশবান্ধব টেকসই অনুশীলন বৃদ্ধির মাধ্যমে তাঁত কারখানাগুলোকে পরিবেশ বান্ধব ও টেকসই ব্যবসায়িক উদ্যোগে রুপান্তরিত করা। |
| ২. | সাসটেনেইবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি)-ডেইরী | বিশ্ব ব্যাংক, পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) | সিরাজগঞ্জ জেলার ২টি (রায়গঞ্জ ও তাড়াশ) উপজেলার ৭টি ইউনিয়ন | ৩১ মে ২০২০ থেকে ৩১ জানুয়ারি ২০২৪ | পরিবেশগতভাবে টেকসই অনুশীলন গ্রহণের মাধ্যমে দুগ্ধ উদ্যোক্তাদের পরিবেশগত এবং অর্থনৈতিক অবস্থার উন্নতি করা। |
| ৩. | Start Ready Risk | স্টার্ট ফান্ড | সিরাজগঞ্জ জেলার ২টি (সিরাজগঞ্জ সদর ও কাজিপুর) উপজেলার ৪টি ইউনিয়ন | ০৭ ফেব্রুয়ারি ২০২৪ থেকে ০৭ মার্চ ২০২৪ | পূর্বাভাস ভিত্তিক আগাম কর্মকান্ডের সহায়তার জন্য বন্যায় সবচেয়ে ঝুঁকিপূর্ণ লোকদের ওয়াশ বিষয়ক মানবিক সহায়তা প্রদান করা। |

## যুগ্ম সচিব কর্তৃক আইসিভিজিডি-২ প্রকল্প কার্যক্রম পরিদর্শন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ইনভেস্টমেন্ট কম্পোনেন্ট ফর ভালনারেবল গ্রুপ ডেভেলপমেন্ট (আইসিভিজিডি) ২য় পর্যায় প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করেনে আইসিভিজিডি প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব) এস.এম. আরশাদ ইমাম। ২৮ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে পোরশা উপজেলায় নিতপুর ইউনিয়নের উপজেলা প্রাণিসম্পদ প্রশিক্ষণ কক্ষে গন্ধরাজ দলের বাণিজ্য ভিত্তিক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। এসময় প্রকল্প পরিচালকসহ পোরশা উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. আরিফ আদনান, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা মো. হুমায়ুন কবির, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মো. সুলতান মাহমুদ ও এনডিপি'র পরিচালক (কর্মসূচি) মোহাঃ শাহ্ আজাদ ইকবাল উপস্থিত ছিলেন। এসময় আইসিভিজিডি প্রকল্প পরিচালক মহোদয় এনডিপি'র কার্যক্রম দেখে সন্তোষ প্রকাশ করেন। একইসাথে মানসম্মত প্রশিক্ষণ প্রদানের জন্য প্রশিক্ষকদের নির্দেশনা প্রদান করেন। পরবর্তীতে তিনি রাজশাহী জেলার গোদাগাড়ী ও নওগাঁ জেলার পোরশা উপজেলার মাঠ পর্যায়ের কার্যক্রম পরিদর্শন করেন। উল্লেখ্য প্রকল্পটি রাজশাহী বিভাগের ৮টি জেলার ৮টি উপজেলার ৭৯টি ইউনিয়নে বাস্তবায়িত হচ্ছে।



পরিদর্শনে উপস্থিত আছেন আইসিভিজিডি প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব) এস.এম. আরশাদ ইমাম

## পূর্বাভাস ভিত্তিক আগাম সাড়াদান প্রকল্প-২০২৪ এর অবহিতকরণ সভা




বক্তব্য দিচ্ছেন ডব্লিউএফপি'র সিনিয়র প্রোগ্রাম সহযোগী মোঃ ছাদেক আলী

বিশ্ব খাদ্য কর্মসূচি (ডব্লিউএফপি) এর সহযোগিতায় পূর্বাভাস ভিত্তিক আগাম সাড়াদান প্রকল্প ২০২৪ এর অংশ হিসেবে সিরাজগঞ্জ জেলার সদর উপজেলার কাওয়াকোলা ও সয়দাবাদ ইউনিয়নে প্রকল্প অবহিতকরণ সভার আয়োজন করা হয়। ১১ মার্চ ২০২৪ তারিখে স্ব স্ব ইউনিয়ন পরিষদ সভা কক্ষে ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সাথে অবহিতকরণ সভা দুইটি অনুষ্ঠিত হয়।

সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ব খাদ্য কর্মসূচি (ডব্লিউএফপি)'র সিনিয়র প্রোগ্রাম সহযোগী মোঃ ছাদেক আলী। পৃথক সভা দুইটিতে সভাপতিত্ব করেন মোঃ জিয়াউর হক মুন্সি, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (কাওয়াকোলা) ও আলহাজ্ব মোঃ নবীদুল ইসলাম ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সয়দাবাদ)। সভা পরিচালনা করেন পূর্বাভাস ভিত্তিক আগাম সাড়াদান প্রকল্প-২০২৪ এর জেলা সমন্বয়কারী মো. আবু শামীম।

এসময় প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য, কাজের অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। পাশাপাশি উপজেলা ও ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সাথে অবহিতকরণ সভা এবং কর্ম এলাকার ৪৮ টি ইউনিয়নে ইমাম ও ভলান্টিয়ারদের বন্যার আগাম প্রস্তুতি ও সাড়াদানে করনীয় সম্পর্কে সকলের দায় দায়িত্বের বিষয়ে কর্মশালা অনুষ্ঠিত হচ্ছে বলে উপস্থিত সকলকে অবগত করা হয়। এছাড়া সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কমিউনিটি পর্যায়ে ১৪৪ টি মিটিং চলমান রয়েছে বলেও অবহিত করা হয়। সভার অংশগ্রহনকারীগণ তাদের বক্তব্যে এনডিপি ও বিশ্ব খাদ্য কর্মসূচি (ডব্লিউএফপি) এর কার্যক্রম ও প্রকল্পের অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করেন এবং দেশের উন্নয়নে ও পিছিয়ে পড়া জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কল্পে সরকারের পাশাপাশি বেসরকারী উন্নয়ন সহযোগী সংস্থা এনডিপিকে তার লক্ষ্য অর্জনে সকল কাজে সার্বিকভাবে সহাযোগিতা করবে বলে আশাবাদ ব্যক্ত করেন। সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন প্রকল্পের উপজেলা সমন্বয়কারী অর্জুন কুমার রায়। প্রসঙ্গত প্রকল্পটি সিরাজগঞ্জ জেলার ০৬ টি উপজেলার ৪৮ টি ইউনিয়নে বাস্তবায়িত হচ্ছে।

## সিআরইএ প্রকল্পের দূর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভা

সুইডেন সরকারের অর্থায়নে এবং মানুষের জন্য ফাউন্ডেশন (এমজেএফ) এর সহযোগিতায় বাস্তবায়িত কমিউনিটি ভিত্তিক জলবায়ু সহনশীলতা ও নারীর ক্ষমতায়ন (সিআরইএ) প্রকল্পের উদ্যোগে উপজেলা দূর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। ২৭ মার্চ ২০২৪ তারিখে বেলকুচি উপজেলা পরিষদ হলরুমে এ আয়োজন করা হয়। এতে সভাপতিত্ব করেন বেলকুচি উপজেলা নির্বাহী অফিসার আফিয়া সুলতানা কেয়া। উদ্বোধনী বক্তব্যে সভাপতি বলেন, দূর্যোগ ব্যবস্থাপনায় (ঝুঁকি হ্রাস ও জরুরী অবস্থায় সাড়া প্রদান) উপজেলা দূর্যোগ ব্যবস্থাপনা কমিটির সার্বিক সক্ষমতা বৃদ্ধি করাই এই সভার মূল উদ্দেশ্য। তিনি আরো বলেন মর্যাদার সাথে বেঁচে থাকার জন্য দূর্যোগ আক্রান্ত মানুষের সুরক্ষা ও সহায়তা পাওয়ার অধিকার রয়েছে। মূল কথা হলো বিপদাপন্ন অবস্থায় বাঁচার জন্য যা কিছু দরকার, অধিকার হিসেবে দূর্যোগ পীড়িত ব্যক্তির তা প্রাপ্য। ভুক্তভোগী মানুষের দুর্দশা লাঘব ও মর্যাদাপূর্ণ জীবনযাত্রার জন্য সম্ভাব্য সব কিছু করা দূর্যোগ ব্যবস্থাপনা কমিটির কর্তব্যের মধ্যে পড়ে। মূলত: দূর্যোগ ব্যবস্থাপনায় মূল লক্ষ্য হলো প্রাকৃতিক,পরিবেশগত ও মানবসৃষ্ট আপদে জনগোষ্ঠীর বিশেষ করে দরিদ্র ও সুবিধা বঞ্চিত শ্রেণির ঝুঁকি কমিয়ে সহনীয় মানবিক পর্যায়ে আনা এবং বড় আকারে দূর্যোগ মোকাবেলা করার সামর্থ্য অর্জন করা। সেক্ষেত্রে সকলের সার্বিক সহযোগিতা কাম্য।



উপজেলা দূর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভার অংশ বিশেষ

সভায় পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে এনডিপি ও সিআরইএ প্রকল্পের কার্যক্রম সম্পর্কে অবগত করেন প্রকল্প সমন্বয়কারী মোছাঃ আকতারী বেগম। এসময় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হাসনাৎ জাহান বাংলাদেশের আর্থসামাজিক প্রেক্ষাপটে ঝুঁকিগ্রস্থ ব্যক্তি বা পরিবারের জন্য প্রায় ৩০ ধরণের সামাজিক নিরাপত্তাজাল কর্মসূচী চালু আছে মর্মে সকলকে অবগত করেন।

এছাড়াও সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মো. আবু হেলাল, বেলকুচি প্রেস ক্লাব এর সভাপতি আলহাজ গাজী সাইদুর রহমানসহ উপজেলা দূর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্য হিসেবে উপজেলা সরকারী কর্মকর্তাবৃন্দ, ইউপি চেয়ারম্যান ও সদস্য, এনজিও প্রতিনিধি ও সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

## জেন্ডার এন্ড রাইটস্ কর্মসূচির কমিউনিটি লিডারশীপ ওয়ার্কশপ




বক্তব্য দিচ্ছেন উপজেলা নির্বাহী অফিসার শাহীন সুলতানা

এনডিপি'র এর নিজস্ব অর্থায়নে পরিচালিত জেন্ডার এন্ড রাইটস্ কর্মসূচির আয়োজনে 'কমিউনিটি লিডারশীপ ওয়ার্কশপ' অনুষ্ঠিত হয়েছে। ২৫ মার্চ ২০২৪ তারিখে, এনডিপি প্রধান কার্যালয়ে প্রশিক্ষণ কেন্দ্রে দিনব্যাপি এ কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ জেলা লিগ্যাল এইড অফিসার ও সিনিয়র সহকারী জজ জিনাত জাহান। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কামারখন্দ উপজেলা পরিষদ চেয়ারম্যান এস.এম শহিদুল্লাহ সবুজ ও উপজেলা নির্বাহী অফিসার শাহীন সুলতানা। এছাড়াও অনুষ্ঠানে কামারখন্দ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. রেজাউল করিম, কামারখন্দ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিনা পারভীন, উপজেলা সমাজ কর্মকর্তা মো. সবুজ আলী ও জেলা কোর্ট এর বিজ্ঞ আইনজীবি মাহবুব-এ-খোদা টুটুল উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এনডিপি'র প্রতিষ্ঠাতা নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান। এনডিপি'র ব্যবস্থাপক (প্রশিক্ষণ) মো. সাখাওয়াত হোসেন খান এর পরিচালনায় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন এনডিপি'র পরিচালক (কর্মসূচি) মোহা. শাহ্ আজাদ ইকবাল। কর্মশালায় বাল্য বিবাহ, যৌতুক, নারী নির্যাতন, নারীর অধিকার, গ্রাম আদালত ও আইনগত সহায়তা কমিটির দায়িত্ব-কর্তব্য নিয়ে আলোচনা করা হয়। অনুষ্ঠানে অংশগ্রহণকারী হিসেবে উপস্থিত ছিলেন কামারখন্দ উপজেলার সকল ইউনিয়নের চেয়ারম্যানবৃন্দ, পুলিশ কর্মকর্তাবৃন্দ, ইউপি সদস্য, শিক্ষকমন্ডলী, কাজী, পুরোহিত ও গন্যমান্য ব্যক্তিবর্গ। অনুষ্ঠান পরিচালনায় সার্বিক সহযোগিতা করেন উপ-ব্যবস্থাপক (প্রশিক্ষণ) সোমা দাস ও প্রোগ্রাম অফিসার সুরেশ চন্দ্র পাল। কর্মশালা শেষে সকলের অংশগ্রহণে একটি কর্ম-পরিকল্পনা তৈরী করা হয়। কর্ম-পরিকল্পনায় প্রত্যেকটি স্কুলে বাল্যবিবাহ নিরোধ কমিটি গঠনসহ যৌতুক, ইভটিজিং ও কিশোর গ্যাং এর কার্যক্রম রোধে বিভিন্ন প্রস্তাবনা প্রদান করা হয়।

## কৈশোর কর্মসূচির 'মিনি ম্যারাথন'



পুরস্কার তুলে দিচ্ছেন সিরাজগঞ্জ সদর উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান এস এম নাসিম রেজা নূর দীপু

'মেধা ও মননে সুন্দর আগামী " প্রতিপাদ্য বিষয় নিয়ে সিরাজগঞ্জ সদর উপজেলায় বাস্তবায়িত কৈশোর কর্মসূচির উদ্যোগে মিনি ম্যারাথন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। ১৯ ফেব্রুয়ারি ২০২৪, আয়োজিত মিনি ম্যারাথনটি সিরাজগঞ্জ শহরস্থ এম.এ. মতিন সাহেব ঘাট হতে শুরু করে হার্ড পয়েন্টে (জিরো পয়েন্ট) গিয়ে শেষ হয়। এতে বিভিন্ন কিশোর-কিশোরী ক্লাবের প্রায় শতাধিক কিশোর এবং কিশোরী অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে প্রধান হিসেবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ সদর উপজেলার সম্মানিত ভাইস চেয়ারম্যান এস এম নাসিম রেজা নূর দীপু। এসময় বর্তমান প্রজন্মের ছেলে-মেয়েদের মোবাইল ফোনের প্রতি আসক্তি বৃদ্ধি পেয়েছে এবং এই আসক্তি থেকে বের আসতে খেলাধুলোর কোন বিকল্প নেই বলে তিনি উল্লেখ করেন। একইসাথে সকলকে পড়ালেখার প্রতি মনোযোগী হতে নির্দেশনা প্রদান করেন এবং ভবিষ্যতে আরো বড় পরিসরে সম্মিলিতভাবে ম্যারাথন আয়োজন করা হবে বলেও তিনি আশাবাদ ব্যক্ত করেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কাওয়াখোলা ইউনিয়ন পরিষদ এর সম্মানিত চেয়ারম্যান মোঃ জিয়াউর রহমান, সিরাজগঞ্জ সদর থানার উপ-সহকারী পুলিশ পরিদর্শক ও এনডিপি'র ঋণ সহায়তা কর্মসূচির এরিয়া ম্যানেজার (সিরাজগঞ্জ সদর) আনিছুর রহমান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এনডিপি'র পরিচালক (কর্মসূচি) মোহা. শাহ্ আজাদ ইকবাল। এছাড়াও অনুষ্ঠান আয়োজনে সার্বিক সহযোগিতা প্রদান করেন সিনিয়র প্রোগ্রাম অফিসার মো. ফজল করিমসহ কর্মসূচির অন্যান্য কর্মকর্তাবৃন্দ। প্রতিযোগিতা শেষে প্রতিযোগীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

## এক নজরে ঋণ সহায়তা কর্মসূচির অগ্রগতি

এনডিপি উন্নয়ন সহযোগী সংস্থার সাথে বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়ন করার পাশাপাশি ১৯৯২ সাল থেকে ঋণ সহায়তা কর্মসূচি বাস্তবায়ন করছে। বিভিন্ন ব্যাংক ও পিকেএসএফ এর অর্থায়নে ১১৩টি শাখার মাধ্যমে পরিচালিত হচ্ছে। এনডিপি কর্তৃক অর্জিত বর্তমান চিত্র নিচের ছকে তুলে ধরা হলো;

| ক্রঃ নং | বিবরণ | মার্চ ২০২৪ | ক্রঃ নং | বিবরণ | মার্চ ২০২৪ | ক্রঃ নং | বিবরণ | মার্চ ২০২৪ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | শাখার সংখ্যা | ১১৩ | ৯ | মোট বকেয়া (কোটি টাকায়) | ১০.৮৫ | ১৭ | কর্মী ঃ ঋণী সদস্য | ১:২২২ |
| ২ | মোট সদস্য জন | ১,৪২,৩৮৫ | ১০ | ঋণ আদায়ের হার | ৯৯.৭৬% | ১৮ | সমিতি ঃ সদস্য | ১:২৫ |
| ৩ | ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরন (কোটি টাকায়) | ৫২২৫.১৯ | ১১ | On Time Realization ( OTR) | ৯৮.৩২% | ১৯ | কর্মী ঃ সঞ্চয় স্থিতি (লাখ টাকায়) | ১:৩২.৪৯ |
| ৪ | ক্রমপুঞ্জিভূত ঋণ আদায় (কোটি টাকায়) | ৪৬২৭.৩৬ | ১২ | Liquidity Ratio | ২.৪৭% | ২০ | কর্মী ঃ ঋণ স্থিতি (লাখ টাকায়) | ১:১১৪.৭৪ |
| ৫ | ঋণ স্থিতি (কোটি টাকায়) | ৫৯৭.৮৩ | ১৩ | Port folio At Risk | ২.৬২% | ২১ | সমিতি ঃ ঋণী সদস্য | ১:২১ |
| ৬ | সদস্যদের সঞ্চয় স্থিতি (কোটি টাকায়) | ১৬৯.২৮ | ১৪ | Delinquent Ratio | ১.৮১% | ২২ | ষ্টাফ ঃ ঋণী সদস্য | ১:১১৪ |
| ৭ | ক্রমপুঞ্জিভূত নীট তহবিল (কোটি টাকায়) | ২৩৯.৭৮ | ১৫ | Debt : Equity | ১.৭১:১ | | | |
| ৮ | ঋণী কভারেজ | ৮১.১৪% | ১৬ | কর্মী ঃ সদস্য | ১:২৭৩ | | | |

## এসআরএসপি প্রকল্পের অবহিতকরণ সভা




বক্তব্য দিচ্ছেন শাহ্জাদপুর উপজেলা পরিষদ চেয়ারম্যান প্রফেসর মো.আজাদ রহমান

বিশ্ব খাদ্য কর্মসূচি (ডব্লিউএফপি) এর সহযোগিতায় বাস্তবায়িত Shock Responsive Social Protection (SRSP) and Anticipatory Humanitarian Action for 2024 Monsoon Flood in Bangladesh প্রকল্পের অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর উপজেলা পরিষদ সভা কক্ষে সভা দুইটির আয়োজন করা হয়। ১২ মার্চ আয়োজিত সভায় শাহজাদপুর উপজেলা নির্বাহী অফিসার মো. কামরুজ্জামান এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান প্রফেসর মো.আজাদ রহমান। এতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রকল্প দুইটির উন্নয়ন সহযোগী সংস্থা জাতি সংঘ বিশ্ব খাদ্য কর্মসূচির সিনিয়র প্রোগ্রাম অফিসার সাদেক আলী। মূলত দুইটি প্রকল্পই বন্যায় আগাম সাড়াদানে বাস্তবায়িত হবে এবং বন্যা পূর্ব প্রস্তুতি গ্রহণে বন্যা প্রবণ এলাকায় অবস্থিত জনগোষ্ঠীর উপর ব্যাপকভাবে প্রভাব বিস্তার করতে সক্ষম হবে।

সভায় স্বাগত বক্তব্য প্রদান করেন এনডিপি'র উপ-পরিচালক (এমএন্ডই) ও প্রকল্প ফোকাল পারসন কাজী মাসুদুজ্জামান। এসময় দুর্যোগের আগাম সাড়াদান কর্মসূচির জেলা সমন্বয়কারী আবু শামীম এবং উপজেলা সমন্বয়কারী আব্দুল মালেক ও গোবিন্দ কুমারসহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় দুটি প্রকল্পের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়। উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার এনডিপির কার্যক্রমকে স্বাগত জানান এবং উপজেলা প্রশাসনের পক্ষ থেকে সার্বিক সহযোগিতার আশ্বাস প্রদান করেন।

## আলোকিত গ্রাম কর্মসূচি'র 'শিক্ষা উপকরণ বিতরণ'

এনডিপি'র নিজস্ব অর্থায়নে পরিচালিত আলোকিত গ্রাম কর্মসূচির উদ্যোগে কোমলমতি শিক্ষার্থীদের মাঝে শিক্ষা উপকরণ হিসেবে স্কুল ব্যাগ বিতরণ করা হয়েছে। ১৮ মার্চ ২০২৪, সিরাজগঞ্জ জেলার কামারখন্দ উপজেলার ঝাঐল ইউনিয়নের আওতাধীন ৪টি স্কুলের (রিজিয়া মকছেদ সরকারী প্রাথমিক বিদ্যালয়, বাগবাড়ি সরকারী প্রাথমিক বিদ্যালয়, বালুকোল সরকারী প্রাথমিক বিদ্যালয় ও চরবড়ধুল সরকারী প্রাথমিক বিদ্যালয়) ২০০ জন দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের মাঝে এ বিতরণ কার্যক্রম সম্পন্ন করা হয়।

রিজিয়া মকছেদ সরকারী প্রাথমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত বিতরণ অনুষ্ঠানে আলোকিত গ্রাম কর্মসূচির কেন্দ্রীয় কমিটির সভাপতি ও সাবেক উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান মোঃ আঃ মান্নান সেখ এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনডিপি'র উপপরিচালক ও এনডিপি ফিড এর মহাব্যবস্থাপক আবু নাঈম মো. জুবায়ের খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলোকিত গ্রাম কর্মসূচির কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক মো. সাখাওয়াত হোসেন ও সাবেক প্রধান শিক্ষক মো. আনোয়ার হোসেন খান। এছাড়াও অনুষ্ঠানে ৪টি বিদ্যালয়ের প্রধান শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠান পরিচালনা করেন কর্মসূচির প্রোগ্রাম অফিসার সুরেশ চন্দ্র পাল।



ব্যাগ তুলে দিচ্ছেন এনডিপি'র উপপরিচালক আবু নাঈম মো. জুবায়ের খান

## ডিএইচআরএনএস প্রকল্পের এইচআরডি নেটওয়ার্কের ত্রৈমাসিক সমন্বয় সভা




বক্তব্য দিচ্ছেন এইচআরডি নেটওয়ার্কের সহকারী কনভেনার হেলাল আহমেদ

মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশন (এমএসএফ) এর সহযোগিতায় ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)'র আয়োজনে ডিফেন্ডিং হিউম্যান রাইটস থ্রু নেটওয়ার্ক স্টেন্দেনিং (ডিএইচআরএনএস) প্রকল্পের আওতায় এইচআরডি নেটওয়ার্কের ত্রৈমাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। সিরাজগঞ্জ জেলার এইচআরডি নেটওয়ার্কের সকল সদস্যদের নিয়ে ২৭ জানুয়ারি ২০২৪ তারিখে এনডিপি'র মাসুমপুর শাখার সভা কক্ষে সভাটি অনুষ্ঠিত হয়।

সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ জেলা পুলিশ এর সহকারী পুলিশ সুপার মোঃ রাফিউর রহমান। এসময় তিনি এরুপ কার্যক্রমের প্রশংসা করেন এবং কামারখন্দ উপজেলার ২ টি ঘটনাসহ সকল মানবাধিকার লংঘন জনিত ঘটনার সত্য উদঘাটন করার লক্ষ্যে তিনি এইচআরডি নেটওয়ার্ককে সহযোগিতা করবেন বলে একাত্বতা প্রকাশ করেন। একইসাথে মানবাধিকার নিশ্চিত করার লক্ষ্যে প্রত্যেককে নিজ নিজ জায়গা থেকে সক্রিয় ভূমিকা রাখার জন্য উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (তদন্ত) মোঃ হাসিবুল্লাহ। সভায় সভাপতিত্ব করেন সিরাজগঞ্জ এইচআরডি নেটওয়ার্কের সহকারী কনভেনার এবং সিরাজগঞ্জ প্রেস ক্লাবের সাবেক সভাপতি হেলাল আহমেদ। সভা পরিচালনা করেন এনডিপি'র উপপরিচালক (এমএন্ডই) ও ডিএইচআরএনএস প্রকল্পের ফোকাল পারসন কাজী মাসুদুজ্জামান। ত্রৈমাসিক সমন্বয় মানবাধিকার লংঘন জনিত ৩ টি ঘটনা সহ সিরাজগঞ্জ জেলার বিভিন্ন মানবাধিকার লংঘন জনিত ঘটনার বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং ২টি ঘটনার তথ্য সংগ্রহ করার জন্য পৃথক ভাবে ৫ সদস্য বিশিষ্ট্য ২ টি কমিটি গঠন করা হয়। সভায় বক্তব্য রাখেন দৈনিক সিরাজগঞ্জ প্রতিদিন পত্রিকার নির্বাহী সম্পাদক ও হিউম্যান রাইটস ডিফেন্ডার মোঃ ইসমাইল হোসেন, মানবাধিকার কর্মী নরেশ চন্দ্র ভৌমিক, মল্লিকা মহিলা উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক শিরিন ফেরদৌসি, পিডাব্লিউডির নির্বাহী পরিচালক হোসনেয়ারা জলি, কেপিইউএস এর নির্বাহী পরিচালক মোঃ আশরাফুল আলম সহ আরো অনেকে। সভা পরিচালনায় সার্বিক সহযোগিতা করেন এনডিপির প্রতিবন্ধিতা ও শিক্ষা কর্মসূচির উপব্যবস্থাপক ও মানবাধিকার কর্মী শিপন চন্দ্র নাগ।

## ওয়াটার ক্রেডিট এডাপ্টেশন প্রকল্পের প্রশিক্ষক প্রশিক্ষণ




বক্তব্য দিচ্ছেন এনডিপি'র পরিচালক (ঋণ সহায়তা কর্মসূচি) মোসলেম উদ্দিন আহমেদ

বুরো বাংলাদেশ ও ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর যৌথ উদ্যোগে বাস্তবায়িত Water Credit Adoption Project (WCAD) প্রকল্পের প্রশিক্ষকদের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। ১৫ ফেব্রুয়ারি, ২০২৪ তিন দিনব্যাপি আয়োজিত প্রশিক্ষণের সমাপনী ঘোষণা করেন এনডিপি'র পরিচালক (ঋণ সহায়তা কর্মসূচি) মোসলেম উদ্দিন আহমেদ। এসময় তিনি বলেন, ''প্রশিক্ষণ গ্রহণকারী আপনারা সকলেই এখন প্রশিক্ষক। তাই মাঠ পর্যায়ে প্রকল্পের অংশগ্রহণকারীদের প্রশিক্ষণ প্রদান করা আপনাদের দায়িত্ব। আপনারা সকলেই সেই দায়িত্ব পালন করবেন বলে আমি বিশ্বাস করি।'' একইসাথে তিনি নিরাপদ পানি ও স্বাস্থ্য সম্মত পায়খানা ব্যবহার সম্পর্কে বিভিন্ন গুরুত্বপূর্ণ দিক নির্দেশনামূলক বক্তব্য রাখেন।

এর পূর্বে ১২ ফেব্রুয়ারি এনডিপির প্রধান কার্যালয়ের ট্রেনিং সেন্টারে এ আয়োজন করা হয়। প্রশিক্ষণে এনডিপি'র মাঠ পর্যায়ের ২০ জন কমকর্তা প্রশিক্ষণ গ্রহণ করেন। সমাপনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বুরো বাংলাশে এর আঞ্চলিক ব্যবস্থাপক আবুল হোসেন। প্রশিক্ষণ প্রদান করেন বুরো বাংলাদেশ এর সিনিয়র প্রশিক্ষক (ওয়াশ) মো. শিবলু মিয়া ও প্রশিক্ষক (ওয়াশ) মো. আশরাফুল ইসলাম এবং এনডিপি'র ব্যবস্থাপক (প্রশিক্ষণ) মো. সাখাওয়াত হোসেন খান ও উপ-ব্যবস্থাপক (প্রশিক্ষণ) সোমা দাস। প্রশিক্ষণে কমিউনিটি পর্যায়ে উন্নত ও টেকসই স্যানিটেশন ব্যবস্থাপনা, উন্নত স্বাস্থ্য অভ্যাসের মাধ্যমে জনস্বাস্থ্যের সামগ্রিক উন্নয়ন ও সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোল অর্জনে সরকারকে সহায়তা করাসহ সাধারণ মানুষের জীবনমান উন্নয়নের বিভিন্ন বিষয় তুলে ধরা হয়। পাশাপাশি ঋণ সহায়তা কর্মসূচির সাথে প্রকল্পটি অত্যন্ত দৃঢ়ভাবে জড়িত বলে উল্লেখ করা হয়।

## নাটোরে প্রবীণ কর্মসূচীর শীতবস্ত্র বিতরণ

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর অর্থায়নে পরিচালিত প্রবীণ জনগোষ্ঠির জীবনমান উন্নয়ন কর্মসূচীর আওতায় শীতবস্ত্র বিতরণ করা হয়েছে। ১৭ জানুয়ারি ২০২৪, নাটোর জেলার গুরুদাসপুর উপজেলার মশিন্দা ইউনিয়নের কাছিকাটা স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসা মাঠে এ আয়োজন করা হয়। এতে ১০৫ জন বয়স্ক প্রবীণকে ১ টি করে (শীতবস্ত্র) কম্বল বিতরন করা করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গুরুদাসপুর উপজেলা পরিষদ এর মহিলা ভাইস চেয়ারম্যান রোকসানা আখতার (লিপি)। এসময় এনডিপির নির্বাহী পরিচালকের সেবামূলক পরিকল্পনা ও দক্ষ নেতৃত্বে মশিন্দা ইউনিয়নে অসহায় প্রবীণদের নিয়ে বিভিন্ন সেবামূলক কাজ করে যাচ্ছে বলে তিনি উল্লেখ করেন। এই ধরনের কাজের মাধ্যমে এলাকার অসহায় প্রবীণগণ তাদের পরিবারের নিকট গ্রহণযোগ্যতা ও আত্মমর্যাদা বৃদ্ধি পেয়েছে বলেও তিনি জানান। এজন্য তিনি এনডিপি ও পিকেএসএফ এর নিকট কৃতজ্ঞতা প্রকাশ করেন।



কম্বল তুলে দিচ্ছেন মহিলা ভাইস চেয়ারম্যান ও এনডিপি'র পরিচালক (ঋণ সহায়তা কর্মসূচি)

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা সাদেক হোসেন ও এনডিপি'র পরিচালক (ঋণ সহায়তা কর্মসূচি) মোসলেম উদ্দিন আহমেদ। এছাড়াও ইউপি সদস্য মো. সেলিম জাহাঙ্গীর স্বপন, সংরক্ষিত নারী ইউপি সদস্য মোছা. হালিমা বেগম ও মোছা. মার্জিয়া খাতুন, ইউনিয়ন প্রবীণ কমিটির সভাপতি ইঞ্জিনিয়ার মো. আ. সামাদসহ অন্যান্য সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় সভাপতিত্ব করেন ৪নং মশিন্দা ইউনিয়ন পরিষদ এর সম্মানিত চেয়ারম্যান মো. আ. বারি। অনুষ্ঠানের অতিথিবৃন্দের মধ্যে ইউনিয়ন প্রবীণ কমিটির সম্মানিত সহ-সভাপতি মো. নজরুল ইসলাম বলেন, অত্র মশিন্দা ইউনিয়নে প্রবীণদের নিয়ে এনডিপি যে কাজ করছে তা অত্যন্ত প্রশংসনীয় এবং প্রবীণদের জন্য তা সহায়ক ভূমিকা পালন করে আসছে। তিনি আরো বলেন এনডিপি অত্যন্ত স্বচ্ছতার সঙ্গে সকল কাজ বাস্তবায়ন করে থাকেন এবং এই কম্বল বিতরনের ক্ষেত্রেও স্বচ্ছতার সঙ্গে তালিকা করা হয়েছে। বিতরণ অনুষ্ঠানে এনডিপি'র এরিয়া ম্যানেজার মো.সাইদুর রহমান, সমৃদ্ধি প্রোগ্রামের কো-অর্ডিনেটর মোঃ কছিম উদ্দিন, শাখা ব্যবস্থাপক মোঃ সেলিম হোসেন সহ অন্যান্য সকল কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

## প্রতিবন্ধী ও প্রবীণ ব্যক্তিদের জন্য চক্ষু ক্যাম্প




বক্তব্য দিচ্ছেন প্রতিবন্ধিতা ও শিক্ষা কর্মসূচির উপব্যবস্থাপক শিপন চন্দ্র নাগ

এনডিপি'র নিজস্ব অর্থায়নে বাস্তবায়িত প্রতিবন্ধিতা ও উন্নয়ন কর্মসূচির উদ্যোগে প্রতিবন্ধী ও প্রবীণ ব্যক্তিদের জন্য চক্ষু ক্যাম্পের আয়োজন করা হয়। সাইটসেভার্স এর আর্থিক ও প্রফেসর এম.এ. মতিন মেমোরিয়াল বিএনএসবি বেজ আই হসপিটাল এর সার্বিক সহযোগিতায় চক্ষু ক্যাম্পটি পরিচালিত হয়। ৯ জানুয়ারী ২০২৪, এনডিপি'র দরগা রোডস্থ শহর শাখায় অনুষ্ঠিত ক্যাম্পের মাধ্যমে ৩২ জন প্রতিবন্ধী এবং ১১১ জন প্রবীণ ব্যক্তিকে সেবা প্রদান করা হয়। তাদের প্রত্যেককে চশমা এবং ঔষধ প্রদান করা হয়। একইসাথে তাদের মধ্য থেকে ১৬ জন প্রবীন নারী-পুরুষের চোখের ছানি অপারেশন করার জন্য সিরাজগঞ্জ চক্ষু হসপিটালে ভর্তি করা হয়।

ক্যাম্পটির উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এনডিপির প্রতিবন্ধিতা ও শিক্ষা কর্মসূচির উপব্যবস্থাপক শিপন চন্দ্র নাগ, সাইটসেভার্স এর প্রতিনিধি জেলা সমন্বয়কারী তপন কুমার, বিএনএসবি হসপিটালের প্রতিনিধি ইনক্লোশন অফিসার টি,এম, মাহমুদুল হাসান এবং এনডিপি শহর শাখার ব্যবস্থাপক মোঃ শাহীনুর ইসলাম। ক্যাম্পে চিকিৎসা সেবা প্রদান করেন মোঃ নজরুল ইসলাম, সিনিয়র অফথ্যালমিক প্যারামেডিক, মোঃ জিয়াউল কবির রিফ্রেকশনিষ্ট ও সাদ ইবনে তালহা অর্গানাইজার। এসময় চিকিৎসা গ্রহণকারী অনেকেই সিরাজগঞ্জ জেলার সকল ইউনিয়ন পর্যায়ে এধরনের ক্যাম্পের আয়োজনের জন্য এনডিপি ও সাইটসেভার্সের দৃষ্টি আকর্ষণ করেন।

## সিরাজগঞ্জে জাতীয় দূর্যোগ প্রস্তুতি দিবস উদযাপন




র‍্যালির শুভ উদ্বোধন করছেন সিরাজগঞ্জ জেলার সম্মানিত জেলা প্রশাসক মীর মোঃ মাহবুবুর রহমান

সিরাজগঞ্জ জেলা প্রশাসন ও দূর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের আয়োজনে 'জাতীয় দূর্যোগ প্রস্তুতি দিবস-২০২৪ উদযাপন করা হয়েছে। এতে সার্বিক সহযোগিতা প্রদান করেছেন জাতীয় পর্যায়ের বেসরকারী উন্নয়ন সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)। "দূর্যোগ প্রস্তুতিতে লড়বো, স্মার্ট সোনার বাংলা গড়বো" প্রতিপাদ্য বিষয় নিয়ে এবারের দিবসটি উদযাপন করা হয়। দিবসটি কেন্দ্র করে ১০ মার্চ ২০২৪ তারিখে র‍্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয়। সিরাজগঞ্জ জেলা প্রশাসক কার্যালয়ের শহিদ এ,কে শামসুদ্দিন সম্মেলন কক্ষে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন সিরাজগঞ্জ জেলার সম্মানিত জেলা প্রশাসক মীর মোঃ মাহবুবুর রহমান। আলোচনা সভায় জেলা সিভিল সার্জন রাম পদ রায়, অতিরিক্ত পুলিশ সুপার এস. এম সামিউল, পৌর মেয়র সৈয়দ আব্দুর রউফ মুক্তা, সিরাজগঞ্জ জেলা আওয়ামী লীগ এর সাধারন সম্পাদক আব্দুস ছামাদ তালুকদার, সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ মনোয়ার হোসেনসহ জেলার ৯টি উপজেলার উপজেলা নির্বাহী অফিসারগণ উপস্থিত ছিলেন। অনুষ্ঠান পরিচালনা করেন সিরাজগঞ্জ জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা মোঃ আক্তারুজ্জামান।

দিবসটি যথাযথভাবে উদযাপনের লক্ষে এনডিপির নিজস্ব অর্থায়নে পরিচালিত বিভিন্ন দূর্যোগে জরুরী সাড়াদান প্রকল্প ও বিশ্ব খাদ্য কর্মসূচির সহযোগিতায় বাস্তবায়িত মৌসুমী বন্যায় আগাম সাড়াদান-২০২৪ প্রকল্প হতে সার্বিক সহযোগিতা প্রদান করা হয়।

## বিডি বীফ ও গোট ভ্যালু চেইন প্রোগ্রাম কর্তৃক সচেতনতামূলক নাটিকা মঞ্চায়ন

হেইফার ইন্টারন্যাশনাল এর অর্থায়নে জাতীয় পর্যায়ের বেসরকারী উন্নয়ন সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) কর্তৃক বাস্তবায়িত বাংলাদেশে গরু ছাগলের নিরাপদ মাংসের ব্র্যান্ড সৃষ্ঠিকরণ প্রকল্পের উদ্যোগে সচেতনামূলক নাটিকা অনুষ্ঠিত হয়েছে। ০৪ ও ০৫ মার্চ যথাক্রমে যমুনা ও বাঙ্গালা মধুমতি মহিলা সমবায় সমিতির সহযোগিতায় উল্লাপাড়া উপজেলার পাটধারী বাজার ও কুচিয়ামারা বাজারে এ আয়োজন করা হয়। অনুষ্ঠানে উল্লাপাড়া উপজেলা ভাইস চেয়ারম্যান, হাটিকুমরুল ইউনিয়ন পরিষদের সদস্য, হাটিকুমরুল যমুনা বাঙ্গালা মধুমতি মহিলা সমবায়ের সদস্য, স্কুল শিক্ষক, হেইফার ইন্টারন্যাশনাল বাংলাদেশের রিজিওনাল প্রধান (সিরাজগঞ্জ) ও অত্র অঞ্চলের সকল স্তরের সাধারণ মানুষ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের শুরুতে প্রকল্প এবং সচেতনামূলক নাটিকা সম্পর্কে উপস্থিত সকলকে অবগত করেন প্রকল্প সমন্বয়কারী আবু আনেশ ইউসুফ।



আয়োজিত মঞ্চ নাটকের অংশ বিশেষ

মূলত ওয়ান হেলথ বা এক স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ের উপর ভিত্তি করে নাটিকাটি তৈরি করা হয়। নাটিকাটি গম্ভীরা গানের মাধ্যমে পরিচালনা করেন চাঁপাই নবাবগঞ্জের ঐতিহ্যবাহী গম্ভীরা দল। প্রথমে অভিনয় শিল্পিরা দেশের গান দিয়ে অনুষ্ঠান শুরু করেন। এরপর প্রকল্পের কার্যক্রম গম্ভীরা গানের মাধ্যমে উপস্থাপন করেন। প্রকল্পের সদস্য হলে কিভাবে পরিবারের উন্নয়ন করা যায় এবং প্রকল্প যে সকল কাজ বাস্তবায়ন করছে তা তুলে ধরা হয়। যেমন; প্রাণি স্বাস্থ্য ক্যাম্পের আয়োজন করা, কৃষিভিত্তিক কারিগরি যন্ত্রপাতি/উপকরণ সহায়তা করা, গরুর জাত উন্নয়নের জন্য কৃত্রিম প্রজনন সেবা প্রদান করা, ঘাসের উৎপাদন বৃদ্ধি, বাজার স্থাপন এবং ক্রেতা ও বিক্রেতার মধ্যে সংযোগ স্থাপন করা, ইউনিয়ন পর্যায়ে প্রকল্পের কার্যক্রম অবহতিকণ করা, প্রাথমিক স্কুলে বিনা মূল্যে টিফিন প্রদান করা, নিরাপদ খাদ্য, জুনোটিক রোগ, ওয়ান হেলথ বিষয়ে সচেতনামূলক ক্যাম্পেইন করা, পরিবেশের উন্নয়নে বায়ো গ্যাস প্লান্ট স্থাপনে সদস্যদের সহায়তা প্রদান করা, ইত্যাদি।

## কুড়িগ্রামে শীতার্তদের মাঝে কম্বল বিতরণ



কম্বল গ্রহণ করছেন কুড়িগ্রাম সদর উপজেলার উপজেলা নির্বাহী অফিসার মোঃ মোসফিকুল আলম হালিম

কুড়িগ্রাম জেলা বাংলাদেশের একটি দারিদ্র-পিরিত ও বন্যা কবলিত অঞ্চল, সেই সাথে শীতপ্রবন এলাকাও। বিশেষ করে নিম্ন আয়ের মানুষের বসবাস এই এলাকায়। কুড়িগ্রাম এর চরাঞ্চলের মানুষের জীবন মান উন্নয়ন, ক্ষুদা মুক্তির লক্ষ্যে সক্ষমতা অর্জন সহ দূর্যোগ ঝুঁকি হ্রাস করার প্রত্যয়ে ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) কুড়িগ্রাম জেলার কুড়িগ্রাম সদর, উলিপুর, চিলমারী, রাজার হাট, রৌমারী ও রাজিবপুর উপজেলায় বিভিন্ন উন্নয়ন প্রকল্পসহ ঋণ সহায়তা কর্মসূচি বাস্তবায়ন করছে।

শীতের প্রকোপ বৃদ্ধি পাওয়ায় শীতার্থ মানুষের পাশে দাড়ানোর লক্ষে এনডিপি নিজস্ব অর্থায়নে বিভিন্ন এলাকায় অসহায়দের মাঝে শীত বস্ত্র (কম্বল) বিতরন করেছে।

এরই ধারাবাহিকতায় কুড়িগ্রাম সদর উপজেলায় ২৯ জানুয়ারি ২০২৪ তারিখে কুড়িগ্রাম সদর উপজেলার সম্মানিত উপজেলা নির্বাহী অফিসার মোঃ মোসফিকুল আলম হালিম এর নিকট এনডিপি এর পক্ষ থেকে ১০০ টি শীতবস্ত্র (কম্বল) প্রদান করা হয়। এ সময় এনডিপি থেকে কম্বল তুলে দেন ডিআরআর প্রকল্প এর ফিল্ড কো-অর্ডিনেটর শাহ আলম ও আইআরএম প্রকল্প এর ব্যবসায় উন্নয়ন কর্মকর্তা মোঃ আবদুস ছালাম সরকার। সম্মানিত উপজেলা নির্বাহী অফিসার এনডিপি'র এমন মহৎ উদ্যোগকে স্বাগত জানান এবং উপজেলা প্রশাসনের পক্ষ থেকে সার্বিক সহযোগিতা করার আশাবাদ ব্যাক্ত করেন।

## ভিডব্লিউবি কর্মসূচির প্রশিক্ষকদের প্রশিক্ষণ (টিওটি)





বক্তব্য দিচ্ছেন পরিচালক (কর্মসূচি) মোহা. শাহ্ আজাদ ইকবাল

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহিলা বিষয়ক অধিদপ্তরের অর্থায়নে এবং ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) ও বন্ধন সমাজ উন্নয়ন সংস্থা কর্তৃক ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) কর্মসূচি বাস্তবায়িত হচ্ছে। কর্মসূচিটি সিরাজগঞ্জ জেলার সিরাজগঞ্জ সদর, কামারখন্দ ও বেলকুচি উপজেলায় বাস্তবায়ন করা হচ্ছে। কর্মসূচির মাধ্যমে নির্ধারিত উপকারভোগী-দের ৯টি মডিউলের উপর জীবন দক্ষতা উন্নয়নমূলক ও আয়বৃদ্ধিমূলক প্রশিক্ষণের জন্য কর্মসূচির আওতায় প্রশিক্ষকদের জন্য প্রশিক্ষণ (টিওটি) এর আয়োজন করা হয়।

১০ ও ১১ জানুয়ারি ২০২৪, দুই দিনব্যপি প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন করেন বেলকুচি উপজেলা নির্বাহী অফিসার আফিয়া সুলতানা কেয়া। এ সময় তিনি বলেন ভিডব্লিউবি কর্মসূচির দীর্ঘ মেয়াদী উদ্দেশ্য হলো বাংলাদেশের দরিদ্র পীড়িত এবং দুঃস্থ গ্রামীণ মহিলাদের আর্থ-সামাজিক অবস্থার ইতিবাচক উন্নয়ন করা, যাতে তারা বিদ্যমান খাদ্য নিরাপত্তাহীনতা, পুষ্টিহীনতা, অর্থনৈতিক নিরাপত্তাহীনতা এবং নিম্ন সামাজিক মর্যাদার অবস্থানকে সফলভাবে অতিক্রম করে চরম দারিদ্র স্তরের উপরের অবস্থানে টিকে থাকার সক্ষমতা অর্জন করতে পারে। প্রশিক্ষণ শেষে উপকারভোগী-দের নিয়ে দল গঠন করে তাদের সাথে জীবনদক্ষতা উন্নয়নমূলক ও আয়বৃদ্ধিমূলক প্রশিক্ষণ করাতে হবে এবং উপকারভোগীদের নিজ নামে ব্যাংক হিসাব খোলা ও সঞ্চয় জমা প্রদানে সহযোগিতা করতে হবে বলে উল্লেখ করেন। আয়বৃদ্ধিমূলক কর্মকান্ড করার জন্য বিভিন্ন সংস্থার সাথে লিংকেজ করে ঋণ প্রদানে সহযোগিত-ার মাধ্যমে অর্থনৈতিকভাবে সাবলম্বি ও সামাজিকভাবে ক্ষমতায়িত হবে বলে আশাবাদ ব্যক্ত করেন এনডিপি'র পরিচালক (কর্মসূচি) এবং কর্মসূচির ফোকাল পারসন মোহা. শাহ্ আজাদ ইকবাল। এছাড়াও সিরাজগঞ্জ সদর উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ফাহিমা আল আশরাফি, কামারখন্দ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মোছাঃ সেলিনা পারভীন ও প্রকল্প সমন্বয়কারী মোঃ ফজল করিম প্রমুখ উপস্থিত ছিলেন।

## মৌসুমী বন্যায় আগাম সাড়াদান প্রকল্প-২০২৪ এর ভ্যাকসিন ক্যাম্প ও কৃমিনাশক বিতরণ

স্টার্ট ফান্ড বাংলাদেশ এর অর্থায়নে এবং স্টার্ট নেটওয়ার্কের সহযোগিতায় মৌসুমী বন্যায় আগাম সাড়াদান প্রকল্প-২০২৪ এর কার্যক্রমের অংশ হিসেবে ভ্যাকসিন ক্যাম্প ও কৃমিনাশক বিতরণ করা করা হয়েছে। ১৪ ফেব্রুয়ারি ২০২৪, সিরাজগঞ্জ জেলার কাজিপুর উপজেলার মাইজবাড়ী ইউনিয়নের ঢেকুরিয়া বাজার ও তেকানী ইউনিয়নের ৭নং ওয়ার্ডের মানিকদিয়ার সরকারী প্রাথমিক বিদ্যালয়ের মাঠে পৃথক দুইটি ক্যাম্পের মাধ্যমে এ আয়োজন করা হয়। ক্যাম্প দুইটিতে ৩৫২ টি গরু এবং ৯৬ টি ছাগলকে তড়কা, পিপিআর ও এনথ্রাক্স রোগের ভ্যাকসিনের পাশাপাশি কৃমিনাশক ট্যাবলেট প্রদান করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা ডাঃ মোঃ দিদারুল আহসান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাইজবাড়ী ইউনিয়নের জনপ্রতিনিধি মোঃ ফরিদুল ইসলাম ও এনডিপির রিসার্চ এন্ড ডকুমেন্টেশন বিভাগের ব্যবস্থাপক মো. আতিকুর রহমান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মাইজবাড়ী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব মোঃ শওকত হোসেন। অতিথিবৃন্দ সহ সেবা নিতে আসা সুবিধাভোগীবৃন্দ বলেন এই ক্যাম্পের মাধ্যমে সুবিধা পেয়ে পিছিয়ে পড়া চর এলাকার জনগণ অনেক উপকৃত হয়েছে। একইসাথে এ ধরনের কার্যক্রম তিন মাস অন্তর অন্তর আয়োজন করার জন্য এনডিপি, স্টার্ট ফান্ড বাংলাদেশ এবং স্টার্ট নেটওয়ার্ক এর কর্তৃপক্ষের দৃষ্টি কামনা করেন। ভ্যাকসিন কার্যক্রম পরিচা-লনা করেন ডাঃ সাজ্জাদ হোসেন, ডাঃ সেলিম সেখ ও ডাঃ জুরান হোসেন। ক্যাম্পটি যথাযথভাবে সফল করার জন্য সার্বিক সহযোগিতা করেন প্রকল্পের মনিট-রিং অফিসার শাফি-উল-কাফি সুমন। অনুষ্ঠান পরিচালনা করেন প্রকল্পের উপজেলা সমন্বয়কারী কাম ওয়াস অফিসার এবং এনডিপির প্রতিবন্ধিতা ও শিক্ষা কর্মসূচির উপব্যবস্থাপক শিপন চন্দ্র নাগ।




বক্তব্য দিচ্ছেন কাজিপুর উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা ডাঃ মোঃ দিদারুল আহসান

## সমন্বিত কৃষি ইউনিটের বাউ চিকেন প্রদর্শণী




বক্তব্য দিচ্ছেন এনডিপি'র প্রানিসম্পদ কর্মকর্তা মো. মইনুল হাসান

এনডিপি এর সমন্বিত কৃষি ইউনিটের আওতায় খামার দিবস উদযাপন করা হয়েছে। পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর অর্থায়ন ও কারিগরি সহায়তায় পরিচালিত সমন্বিত কৃষি ইউনিটের প্রাণি সম্পদ খাতের উদ্যোগে সিরাজগঞ্জ জেলার সদর উপজেলার শিয়ালকোল ইউনিয়নের পদমপাল গ্রামে দিবসটির আয়োজন করা হয়। ২৫ ফেব্রুয়ারি ২০২৪, দিবসটিকে কেন্দ্র করে এনডিপি'র ঋণ সহায়তা কর্মসূচির শিয়ালকোল শাখার অধীনস্ত প্রায় শতাধিক ছোট-বড় খামারি এতে অংশগ্রহণ করেন। মূলত নতুন উদ্ভাবিত বাউ চিকেন পালন করে সফলতাকামী খামারিবৃন্দ এতে উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে বাউ চিকেন পালনের সুবিধা সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন এনডিপির প্রানিসম্পদ কর্মকর্তা ডা: মো: সাজ্জাদ হোসেন এবং মো: মইনুল হাসান। জলবায়ু সহিঞ্চু বাউ মুরগি অন্যান্য মুরগির তুলনায় কম সময়ের মধ্যেই বাজারজাতকরণের উপযুক্ত হয়। সাধারণত এটি ৪৫-৫০ দিনে ০১ কেজি ওজন পর্যন্ত হয়ে থাকে এবং বাজারে বিক্রির উপযুক্ত হয় বলে প্রাণি সম্পদ কর্মকর্তা উল্লেখ করেন। একইসাথে অন্যান্য মুরগির তুলনায় বাউ চিকেন এর রোগ প্রতিরোধ ক্ষমতা অত্যন্ত বেশি এবং জরিপে দেখা যায় এই মুরগির মৃত্যু হার সর্বচ্চ ২ শতাংশ। এই মুরগির আরেকটি গুনাবলির মধ্যে অন্যতম ফিড কনভার্শন রেশিও। অর্থাৎ একটি মুরগি ৪৫-৫০ দিনে ২ কেজি খাবার খেয়ে থাকে এবং যা থেকেই এর ওজন ০১ কেজি হয়। পরীক্ষামূলক ভাবে এই জাতের মুরগি পালন করে ইতোমধ্যেই সফলতা পেয়েছেন অনেক খামারি। এছাড়াও অনুষ্ঠানে এনডিপি'র সহকারী ব্যবস্থাপক (আরএন্ডডি) মো. জানাফার ইসলামসহ প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার অনেকে উপস্থিত ছিলেন।

## যথাযোগ্য মর্যাদায় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপন



শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করছেন পরিচালক (ঋণ সহায়তা কর্মসূচি) মোসলেম উদ্দিন আহমেদ

২১ ফেব্রুয়ারি, বাঙালি জাতির জন্য এই দিবসটি ভীষণ শোক ও বেদনার। মায়ের ভাষা বাংলার অধিকার আদায়ের জন্য সর্বোচ্চ ত্যাগের মহিমায় উদ্ভাসিত।

১৯৫২ সালের এদিনে 'বাংলাকে' রাষ্ট্রভাষা করার দাবিতে বাংলার (তৎকালীন পূর্ব পাকিস্তান) ছাত্র ও যুবসমাজসহ সর্বস্তরের মানুষ সে সময়ের শাসকগোষ্ঠির চোখ-রাঙ্গানি ও প্রশাসনের ১৪৪ ধারা উপেক্ষা করে স্বতঃস্ফূর্তভাবে রাজপথে নেমে আসে। মায়ের ভাষা প্রতিষ্ঠার আন্দোলনে দুর্বার গতি পাকিস্তানি শাসকদের শংকিত করে তোলায় সেদিন ছাত্র-জনতার মিছিলে পুলিশ গুলি চালালে সালাম, জব্বার, শফিক, বরকত ও রফিক গুলিবিদ্ধ হয়ে শহীদ হন।

ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি) এর উদ্যোগে ধারাবাহিকভাবেই সিরাজগঞ্জে যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সঙ্গে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন করেছে। দিবসটি উপলক্ষে সকাল সাড়ে ৬টায় সিরাজগঞ্জ মুক্তির সোপান শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণের মধ্য দিয়ে শহীদদের শ্রদ্ধা জানান হয়। এসময় এনডিপির পরিচালক (ঋণ সহায়তা কর্মসূচি) মোসলেম উদ্দিন আহমেদ, ম্যানেজার (এমআইএস) আনোয়ার হোসেন, জোনাল ম্যানেজার ওমর ফারুক, এরিয়া ম্যানেজার আনিছুর রহমান, শাখা ব্যবস্থাপক শাহিনুর ইসলামসহ এনডিপির অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

## আশা প্রকল্পের 'কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ পুনর্গঠন বিষয়ক সভা'

গণসাক্ষরতা অভিযানের সহযোগিতায় বাস্তবায়িত আশা প্রজেক্টের আওতায় কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের পুনর্গঠন বিষয়ক সভা অনুষ্ঠিত হয়েছে। ২৮ মার্চ ২০২৪ সিরাজগঞ্জ জেলার রায়গঞ্জ উপজেলার ধানগড়া ও পাঙ্গাসী ইউনিয়ন পরিষদ সভা কক্ষে এ আয়োজন করা হয়। সভায় সভাপতিত্ব করেন ধানগড়া ইউনিয়ন কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সভাপতি এবং ধানগড়া মহিলা ডিগ্রি কলেজের প্রভাষক মোঃ ফরিদুল ইসলাম এবং পাঙ্গাসী ইউনিয়ন কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সভাপতি মোঃ জাকির হোসেন সরকার। সভা পরিচালনা করেন এনডিপির প্রতিবন্ধিতা ও শিক্ষা কর্মসুচির উপব্যবস্থাপক শিপন চন্দ্র নাগ। সভায় ২ টি ইউনিয়নে নতুন করে ইউনিয়ন কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ গঠন সম্পর্কে আলোচনা করা হয়। সভায় প্রাক প্রাথমিকে ভর্তিকৃত ছাত্র ছাত্রীদেরকে শিশু বরণ অনুষ্ঠানের মাধ্যমে এবং অভিভাবক সমাবেশের মাধ্যমে বরণ করে নেওয়ার জন্য আশা প্রকল্পের মাধ্যমে উদ্যোগ গ্রহণ করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। একইসাথে উপস্থিত সকলের মতামতের ভিত্তিতে ধানগড়া কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সভাপতি হিসেবে মনোনিত করেন ধানগড়া মহিলা ডিগ্রি কলেজের প্রভাষক মোঃ ফরিদুল ইসলাম এবং পাঙ্গাসী ইউনিয়ন কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সভাপতি হিসেবে নির্বাচিত করেন পাঙ্গাসী সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ জাকির হোসেন সরকারকে। সভায় সভাপতির দায়িত্ব প্রদান করেন প্রত্যেক ইউনিয়নের শিক্ষক, জনপ্রতিনিধি, সাংবাদিক, যুবক, ইমাম, শিক্ষানুরাগী ব্যক্তি বর্গের সমন্বয়ে প্রত্যেক ইউনিয়নে ১৫ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়।



বক্তব্য দিচ্ছেন প্রতিবন্ধিতা ও শিক্ষা কর্মসুচির উপব্যবস্থাপক শিপন চন্দ্র নাগ

মূলত শিক্ষার মান বৃদ্ধিতে সরকারের পাশাপাশি কমিটির সদস্যগণ কাজ করবেন। কমিটির মূল দায়িত্ব হবে প্রত্যেকটি বিদ্যালয় মাঝে মাঝে পরিদর্শন করা, বিদ্যালয়ে ছাত্র/ছাত্রী উপস্থিত হচ্ছে কিনা তার খোজ খবর নেয়া, উপস্থিতি নিশ্চিত করার ক্ষেত্রে সহযোগিতা করা, বিদ্যালয়ে ভর্তি উপযোগী সকল শিশুর ভর্তি নিশ্চিত করা, শিক্ষক/ শিক্ষিকাগণ সঠিক সময়ে বিদ্যালয়ে উপস্থিত হচ্ছে কিনা সে বিষয়গুলো দেখভাল করা এবং বিদ্যালয়ের সার্বিক বিষয়ে শিক্ষক, শিক্ষা কর্মকর্তা এবং অভিভাবকদের সাথে নিয়মিত যোগাযোগ রাখা।

## 'সমন্বিত কৃষি ইউনিট' এর দুই দিনব্যাপী কৃষক প্রশিক্ষণ



প্রশিক্ষণের অংশ বিশেষ

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগিতায় পরিচালিত সমন্বিত কৃষি ইউনিটের কৃষি খাতের আওতায় দুই দিনব্যাপী কৃষক প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। ১৮ ও ১৯ মার্চ এনডিপি'র বাগবাড়ি শাখায় এ আয়োজন করা হয়। এতে প্রশিক্ষণ প্রদান করেন সিরাজগঞ্জ কৃষি সম্প্রসারণ কার্যালয়ের উপ পরিচালক বাবলু কুমার সূত্রধর ও জেলা প্রশিক্ষণ কর্মকর্তা এ.কে.এম. মহিদুল হক। এছাড়াও প্রশিক্ষণে বাংলাদেশ ফলিত পুষ্টি বিজ্ঞান ইনস্টিটিউট এর আঞ্চলিক কার্যালয়ের মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা সাদেকুল ইসলাম ও এনডিপি'র ঋণ সহায়তা কর্মসূচির সহকারী পরিচালক মো. সাইফুল ইসলাম উপস্থিত ছিলেন

এসময় উপপরিচালক মালচিং পেপারের বৈশিষ্ট্য তুলে ধরে বলেন, মালচিং মূলত বিষমুক্ত ফসল চাষের একটি পরিবেশবান্ধব পদ্ধতি। শীতকালে মালচিং ব্যবহার করলে মাটিতে প্রয়োজনীয় তাপমাত্রা ধরে রাখা সম্ভব হয় এবং গরমকালে মাটি ঠান্ডা থাকে। সঠিক মালচিং প্রয়োগে বিভিন্ন ধরনের পোকামাকড়ের আক্রমণ রোধ করা যায়। মালচিং পেপার ব্যবহারে জমিতে আগাছা জন্মানোর কোন সুযোগ নেই। এ প্রযুক্তি ব্যবহারে জমিতে পানি সূর্যের তাপ ও বাতাসে দ্রুত উড়ে যায় না। ফলে জমিতে রসের ঘাটতি হয় না এবং সেচ কম লাগে। মালচিং ব্যবহার করলে জমিতে প্রায় ১০ থেকে ২৫ ভাগ আর্দ্রতা সংরক্ষণ করা সম্ভব হয়।

এনডিপি বার্তা
জানুয়ারি-মার্চ, ২০২৪ । সংখ্যা ৩৯ । বর্ষ ১৬

## ইআরসিসিপি প্রকল্পের আওতায় অর্থ সহায়তা প্রদান

ব্র্যাক এর ক্লাইমেট ব্রিজ ফান্ড (সিবিএফ) এর অর্থায়নে এবং কেএফডব্লিউ এর সহযোগিতায় বাস্তবায়িত জলবায়ু প্রভাবে আক্রান্ত মানুষদের সহনশীলতাবৃদ্ধি এবং এর প্রভাব মোকাবেলায় সক্ষমতাবৃদ্ধি (Enhance Resilience Capacity of the Climate-Induced People-ERCCP) প্রকল্পের আওতায় অর্থ সহায়তা প্রদান করা হয়েছে। সিরাজগঞ্জ পৌরএলাকায় বাস্তবায়িত প্রকল্পটি দুস্থ মানুষের আয় বৃদ্ধিমূলক কার্যক্রমের মাধ্যমে জীবিকা মান উন্নয়নে এ অর্থ সহায়তা প্রদান করা হয়। অনুষ্ঠানে ১২৩ জন উপকারভোগী সদস্যকে নগদ অর্থ প্রদান করা হয়। এছাড়াও বিকাশ ও নগদ ওয়ালেট এর মাধ্যমে ৮৬২ জনকেসহ সর্বমোট ৯৮৫ জনকে, জনপ্রতি ৫৮০০ টাকা করে ৫৭ লক্ষ ১৩ হাজার টাকা প্রদান করা হয়। ২৮ ফেব্রুয়ারি ২০২৪, শহীদ এম. মনসুর আলী অডিটরিয়ামে আয়োজিত বিতরন অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন এনডিপি'র পরিচালক (কর্মসূচি) মোহাঃ শাহ্ আজাদ ইকবাল। অনুষ্ঠানে সিরাজগঞ্জ পৌরসভার মেয়র সৈয়দ আব্দুর রউফ মুক্তা এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় সংসদ সদস্য-৬৩, সিরাজগঞ্জ-০২ (সদর ও কামারখন্দ) ড. জান্নাত আরা তালুকদার হেনরী। এসময় অর্থ সহায়তা প্রদানের জন্য তিনি এনডিপি ও বাস্তবায়িত প্রকল্পের দাতা সংস্থাকে ধন্যবাদ জানান। একইসাথে প্রাপ্ত অর্থ ভিন্ন খাতে ব্যয় না করে কাজে লাগানোর জন্য সুবিধাভোগিদের আহবান জানান। অনুষ্ঠানের সমাপনী বক্তব্যে সিরাজগঞ্জ পৌরসভার মেয়র সৈয়দ আব্দুর রউফ মুক্তা বলেন এনডিপি'র মাধ্যমে এখন পর্যন্ত প্রায় ২ কোটি টাকার বেশি প্রদান করা হয়েছে এবং আজকেও ৫০ লক্ষ টাকার বেশি আপনাদের মধ্যে বিতরণ করা হচ্ছে। এজন্য তিনি এনডিপি'র নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খানকে ধন্যবাদ জানান এবং উন্নয়ন সংস্থার প্রতিনিধির প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। অনুষ্ঠানে সিরাজগঞ্জ পৌরসভার প্যানেল মেয়র-১, মো. নুরুল হক, প্যানেল মেয়র-৩ শিখা খাতুন, মো. তাজ উদ্দিন সেখ (কাউন্সিলর ৯নং ওয়ার্ড) ও মোছাঃ রেশমা খাতুন (কাউন্সিলর ১৩,১৪ ও ১৫ নং ওয়ার্ড) শুভেচ্ছা বক্তব্য রাখেন। অনুষ্ঠান সঞ্চালনা করেন সিরাজগঞ্জ পৌরসভার সমাজ উন্নয়ন কর্মকর্তা মো. শাহ্ আলম। এছাড়াও অনুষ্ঠানে ইআরসিসিপি প্রকল্প ব্যবস্থাপক মো. আব্দুর রাজ্জাকসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।



অর্থ সহায়তা তুলে দিচ্ছেন মাননীয় সংসদ সদস্য ড. জান্নাত আরা তালুকদার হেনরী



### কনফারেন্স রুম ও ট্রেনিং রুম ভাড়া

- সভা কক্ষ (এসি) : ৮,০০০.০০ টাকা
- প্রশিক্ষণ কক্ষ (এসি) : ৪,০০০.০০ টাকা

### খাবারের মূল্য তালিকা

| | |
|---|---|
| সকালের নাস্তা | : ৭০ টাকা (রুটি/পরটা/খিচুড়ি, মিক্সড ভেজিটেবল/ডাল, ডিম ও চা) |
| লাঞ্চ/ডিনার | : (১৯০ টাকা প্লেন রাইস, চিকেন/মাটন/ফিস, মিক্সড ভেজিটেবল এবং ল্যান্টল সুপ) |
| নাস্তা | : ৩০ টাকা (সিঙ্গারা/সামুচা, কেক ও চা) |
| চা | : ১০ টাকা (প্রতি কাপ) |
| কফি | : ৩০ টাকা (প্রতি কাপ) |
| কোমল পানীয় | : ৬০ টাকা (২৫০ মিলি ক্যান)/ ৩০ টাকা (২৫০ মিলি বোতল) |
| দই | : ৪৫ টাকা (১০০ গ্রাম) |
| মিনারেল ওয়াটার | : ২০ টাকা (৫০০ মিলি বোতল) |

সরকারি বিধি মোতাবেক ভ্যাট ও সার্ভিস চার্জ যুক্ত হবে। আলোচনা সাপেক্ষে যে কোন স্পেশাল ডিস সার্ভ করা হয়।

### ডাইনিং সুবিধা

৯০ জন গেষ্ট ধারণ ক্ষমতা সম্পন্ন একটি সুসজ্জিত ডাইনিং রুম এবং ৩৬ জন গেষ্ট ধারণ ক্ষমতা সম্পন্ন শীতাতপ নিয়ন্ত্রিত একটি ডাইনিং রুম।

### ডরমেটরী

| | | | |
|---|---|---|---|
| সুপার ডিলাক্স | : | ৪,৫০০.০০ | টাকা (কুইন বেড) |
| ডিলাক্স (এসি) কক্ষ | : | ২,০০০.০০ | টাকা (ডাবল বেড) |
| লাক্সারি (এসি) কক্ষ | : | ১,৫০০.০০ | টাকা (সিঙ্গেল বেড) |
| এসি (ভিআইপি) কক্ষ | : | ১,২০০.০০ | টাকা (ডাবল বেড) |
| সাধারণ কক্ষ (নন এসি) | : | ৬০০.০০ | টাকা (ডাবল বেড) |

### বুকিং সুবিধা ঃ

প্রশিক্ষণ সুবিধার জন্য ১৫ দিন আগে বুকিং করা যায়। লিখিত বুকিং অগ্রাধিকার দেওয়া হয়। ই- মেইলএ যোগাযোগ করা যেতে পারে। বুকিং বাতিল করতে ন্যূনতম ৭ দিন আগে জানাতে হবে।

### অন্যান্য সুবিধা ঃ

- কম্পিউটার / ল্যাপটপ
- মাল্টিমিডিয়া প্রোজেক্টর
- সাউন্ড সিস্টেম
- ইন্টারনেট
- টেলিফোন
- ফটোকপি ও বাইন্ডিং
- গাড়ি ভাড়া

### যোগাযোগ ঃ

ব্যবস্থাপক (প্রশিক্ষণ কেন্দ্র)
এনডিপি প্রধান কার্যালয়, বাগবাড়ি, শহীদ নগর, কামারখন্দ, সিরাজগঞ্জ-৬৭০৩
টেলিফোন: ০৯৬৩৯১০০৬০০, মোবাইল ঃ ০১৭১৩-৩৮৩১০৬
ই-মেইল: tcm@ndpbd.org | ওয়েবসাইট : www.ndpbd.org